ইমম্ আবয়োঃ সংবাদরূপং গ্রন্থম্, অভিধাস্যতি বক্ষ্যতি ব্যাখ্যাস্যতি; স জনঃ, মামেব, এষ্যতি ক্রমেণ জ্ঞানোদয়াৎ প্রাপ্স্যতি। তপস্যাশুশ্রূষাপেক্ষয়া ভক্তেরভ্যর্হিতত্বাত্তয়োরভাবে ভক্তিমাত্রে সত্যপি তস্মৈ গীতাশাস্ত্রং বক্তব্যমিতি দ্যোতয়িতুং মদ্ভক্তেষ্বিতি মাত্রমুক্তম্। ভক্তৌ সত্যামসূয়া তু ন স্যাদেবেতি তদনুক্তাবপি নাপপত্তিঃ ॥৬৮॥

অপি চাহ—নেতি। অপি চেতি চার্থঃ। মনুষ্যেষু মধ্যে কশ্চিদপি মনুষ্যঃ, তস্মাৎ মদ্ভক্তেষু গীতাশাস্ত্রব্যাখ্যাতুঃ সকাশাৎ, মে মম, প্রিয়কৃত্তমঃ অতিশয়েন প্রিয়কার্য্যকারী, নাস্তি। কিঞ্চ ভুবি, তস্মাৎ মদ্ভক্তেষু গীতাশাস্ত্রব্যাখ্যাতুঃ, অন্যো জনঃ মে প্রিয়তরো ন ভবিতা ন ভবিষ্যতি, চকারান্নাসীচ্চেত্যপি বোধ্যম্ ॥৬৯॥

ভারতভাবদীপঃ

ইদং পরমং গুহ্যং যো ভক্তিহীনো মানপূজাদ্যর্থী সন্ মদ্ভক্তেষ্বভিধাস্যতি সোঽপি তত এব পুণ্যাম্ময়ি পরমেশ্বরে চিদেকরসে পরাং ভক্তিমদ্বৈতলক্ষণামুপাসনাং কৃত্বা তত্রাদরং প্রাপ্য তামনুষ্ঠায় চ মামেবৈষ্যতি মুক্তিং প্রাপ্স্যতীত্যর্থঃ। অসংশয়ঃ সংশয়োঽত্র নাস্তি। স্মর্য্যতে হি অজামিলাদীনাং ভক্তিগন্ধহীনানামপি পুত্রসঙ্কেতিতেন নারায়ণেতি নাম্না স্নেহবশাহ্বয়তাং তাবন্মাত্রতুষ্টেন ভগবতা সদ্গতির্দত্তা কিমু বক্তব্যং যো বাচা এতাবচ্ছাস্ত্ররহস্যং প্রতিপাদয়তি তস্য ভক্তিলাভাদিক্রমেণ কৃতকৃত্যত্বং ভবিষ্যতীতি ॥৬৮॥ ননু অশ্রদ্ধয়া কৃতং সর্ব্বং ব্যর্থমিতি ত্বয়ৈবোক্তম্, কথমভক্তস্যাপ্যেতচ্ছাস্ত্রাভিধানতো ভক্ত্যাদিলাভঃ সম্ভবেদিত্যাশঙ্ক্যাহ—ন চেতি। তস্মাদেতচ্ছাস্ত্রপ্রবর্ত্তকাদন্যো মনুষ্যেষু মে মম প্রিয়কৃত্তমো ন চ কশ্চিদস্তি। ইয়মেব মম মহতী বাচিকী ভক্তিস্তাং কৃত্বা সোপানারোহক্রমেণ মে মম প্রিয়তরো ভবিতা ভবিষ্যতি।

আর যিনি নিজে আমার উপরে ও আমার এই সকল উক্তির উপরে নিঃসন্দেহ হইয়া এবং আমার উপরে পরম ভক্তি করিয়া আমার ভক্তগণের নিকটে এই পরম গোপনীয় গীতাগ্রন্থের ব্যাখ্যা করিবেন, তিনি আমাকেই লাভ করিবেন ॥৬৮॥

তাৎপর্য্য—ইহা বলিতে বলিতে তত্ত্বজ্ঞান উৎপন্ন হইবে, তাহাতেই বক্তা মুক্তি লাভ করিবেন ॥৬৮॥

মনুষ্যমধ্যে কোন মনুষ্যই সেই গীতাশাস্ত্রব্যাখ্যাতা অপেক্ষা আমার অধিক প্রিয়কার্য্যকারী নাই, কিংবা পৃথিবীতে তাঁহা অপেক্ষা অপর কোন লোক আমার অধিক প্রীতিকারী হইবেন না, বা পূর্ব্বকালেও ছিলেন না ॥৬৯॥

তাৎপর্য্য—এই গীতাশাস্ত্র সকল অধ্যাত্মশাস্ত্রের সার; সুতরাং ইহার ব্যাখ্যা করিয়া যিনি আমার ভক্তদিগকে জ্ঞানী করিয়া তুলিবেন, তিনি আমার নিরতিশয়প্রীতিকারীই হইবেন ॥৬৯॥

অধ্যেষ্যতে চ য ইমং ধর্ম্ম্যং সংবাদমাবয়োঃ।
জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্যামিতি মে মতিঃ ॥৭০॥
শ্রদ্ধাবাননসূয়শ্চ শৃণুয়াদপি যো নরঃ।
সোঽপি মুক্তঃ শুভাল্লোঁকান্ প্রাপ্নুয়াৎ পুণ্যকর্ম্মণাম্ ॥৭১॥

ভারতকৌমুদী

ব্যাখ্যাতুঃ ফলমুক্ত্বা পঠিতুঃ ফলমাহ—অধ্যেষ্যত ইতি। যো জনঃ, ইমম্, অবয়োস্তব মম চ, ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্, সংবাদং সমালাপরূপং গ্রন্থম্, অধ্যেষ্যতে পঠিষ্যতি চ; তেনাপি জনেন, অহং পরমেশ্বরঃ, জ্ঞানযজ্ঞেন "শ্রেয়ান্ দ্রব্যময়াদ্‌যজ্ঞাজ্‌জ্ঞানযজ্ঞঃ পরন্তপ।" ইতি চতুর্থাধ্যায়োক্তেন জ্ঞানাত্মকযজ্ঞেন, ইষ্টঃ পূজিতঃ স্যাং ভবেয়ম্, ইতি মে মতির্নিশ্চয়ঃ। সম্বোধনপদার্থমবুধ্যমানেনাপি শিশুনা সম্বোধ্যমানা মাতা অন্যো বা যথা তত্রাগচ্ছতি, তথা শ্লোকার্থমবুধ্যমানেনাপি গীতাং পঠতা স্বভক্তিস্থত্রেণাকৃষ্যমাণোঽহং তত্রাগমিষ্যামি প্রসন্নশ্চ ভবিষ্যামীতি ভাবঃ। এবমেব শ্রীধরো মধুসূদনশ্চ। অচিরাদবশ্যমেব কশ্চিন্মহাত্মা ধর্ম্মাত্মাদেবাবয়োরিমং সংবাদং গ্রন্থরূপেণ পরিণময়িষ্যতীতি মত্বা 'অধ্যেষ্যতে চ' ইত্যুক্তম্ ॥৭০॥

ব্যাখ্যাতুঃ পঠিতুশ্চ ফলমভিধায়েদানীং শ্রোতুরপি ফলমভিধত্তে শ্রদ্ধাবানিতি। যো নরঃ শ্রদ্ধাবান্ অস্মিন্ গীতাশাস্ত্রে বিশ্বাসবান্, অনসূয়শ্চ অস্মিন্ দোষারোপরহিতশ্চ সন্, আবয়োরেতৎ সংবাদবিষয়কং গ্রন্থম্, শৃণুয়াদপি, সোঽপি নরঃ, সর্ব্বেভ্য এব পাপেভ্যো মুক্তঃ সন্, পুণ্যকর্ম্মণাম্ অশ্বমেধাদ্যনুষ্ঠানেন পুণ্যকারিণং প্রাপ্যানিতি শেষঃ, শুভান্ লোকান্ স্বর্গান্ প্রাপ্নুয়াৎ, এতচ্ছ্রবণেনাপি মহাপুণ্যজননাদিত্যাশয়ঃ। অত্রাপি পূর্ব্ববদেবার্থমবুধ্যমানস্যাপি শ্রবণে ফলং ভবতীতি বোধ্যম্ ॥৭১॥

ভারতভাবদীপঃ

"অনিচ্ছয়াপি সংস্পৃষ্টো দহত্যেব হি পাবকঃ" ইতি। ন চ ভুবি এতস্মাদন্যৎপরমার্থসাধনমস্তীতি ভাবঃ। অক্ষরার্থঃ স্পষ্টঃ ॥৬৯॥ অধ্যাপকস্য ফলমুক্ত্বাধ্যেতুঃ ফলমাহ—অধ্যেষ্যতে চেতি। জ্ঞানযজ্ঞেন নির্ব্বিকল্পসমাধিনা ইষ্টঃ পূজিতঃ স হি ধর্ম্মমেঘনামা পুষ্কলপুণ্যবৃষ্টিকরস্তদ্বদেতস্য শাস্ত্রস্যাধ্যয়নমপীত্যর্থঃ। ইতি মে মম সর্ব্বেশ্বরস্য মতিঃ, তেনাত্র স্তুতিমাত্রমেতদিতি ন মন্তব্যং কিন্তু ভূতার্থবাদ এবায়মিতি ভাবঃ ॥৭০॥ প্রবক্তুরধ্যেতুশ্চ ফলমুক্ত্বা শ্রোতুরপি ফলমাহ—শ্রদ্ধাবানিতি। শৃণুয়াদপি অক্ষরশ্রবণং কুর্য্যাদপি কিমু বক্তব্যমাদরেণার্থগ্রহণং যঃ কুর্য্যাৎ স উক্তং ফলং প্রাপ্নুয়াদিতি। স্পষ্টার্থঃ শ্লোকঃ। তথা চোক্তং শ্রীভাগবতে—"বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাংস্ত্রীন্ পুনাতি হি। বক্তারং পৃচ্ছকং শ্রোতৃংস্তৎপাদ-

---

তা'র পর, যিনি আমাদের এই ধর্ম্মসঙ্গত সংবাদগ্রন্থ পাঠ করিবেন, তিনি জ্ঞানযজ্ঞদ্বারা আমার পূজাই করিবেন, ইহাই আমার ধারণা ॥৭০॥

তাৎপর্য্য—জ্ঞানযজ্ঞদ্বারা ভগবানের পূজা করিলে যেরূপ পুণ্য হয়, এই গীতাগ্রন্থ পাঠ করিলেও সেইরূপ পুণ্য হয় ॥৭০॥

কচ্চিদেতচ্ছ্রুতং পার্থ! ত্বয়ৈকাগ্রেণ চেতসা।
কচ্চিদজ্ঞানসম্মোহঃ প্রনষ্টস্তে ধনঞ্জয়! ॥৭২॥

ভারতকৌমুদী

শিষ্যাববোধপর্য্যন্তং গুরুণোপদেষ্টব্য ইতি গুরুসম্প্রদায়নিয়মাদর্জ্জুনস্যাপি তদববোধাভাবে পুনরপ্যুপদেষ্টব্য ইত্যাশয়েন পৃচ্ছতি কচ্চিদিতি। হে পার্থ। ত্বয়া, একাগ্রেণ মদুক্তিজাতে অবহিতেন চেতসা, এতন্মদুক্তিজাতম্, শ্রুতং শ্রবণেনাববুদ্ধম্, কচ্চিৎ কিমিতি বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যমরঃ। তথা হে ধনঞ্জয়! তে তব, অজ্ঞানম্ অনাত্মনি ভীষ্মশরীরাদাবাত্মবুদ্ধিঃ অক্ষত্রিয়ধর্মতয়া অকর্ত্তব্যে ভিক্ষাদৌ কর্ত্তব্যবুদ্ধিশ্চ তেন যঃ সম্মোহো বৈচিত্ত্যং স্বকর্ত্তব্যে যুদ্ধে অকর্ত্তব্যত্বেচ্ছেতি যাবৎ সঃ, প্রনষ্টঃ প্রকর্ষেণ সাকল্যেন নাশং প্রাপ্তঃ কচ্চিৎ ॥৭২॥

ভারতভাবদীপঃ

সলিলং যথা॥" ইতি॥৭১॥ সর্ব্বান্তর্যামী সর্ব্বজ্ঞোঽপি ভগবাল্লোঁকশিক্ষার্থং শিষ্যস্য জ্ঞানং জাতং ন বেত্তি পৃচ্ছতি, অন্যথা পুনঃ পুনঃ স্বয়মেত্য উপদেশং কৃতবতা ঋভুণা নিদাঘ ইব ময়ায়ং শতকৃত্বোঽপ্যুপদেশেন কৃতার্থঃ কর্ত্তব্য ইত্যাশয়েনাহ—কচ্চিদিতি। কচ্চিদিতি কামপ্রবেদনে। হে পার্থ। এতত্ত্বয়া একাগ্রেণ চেতসা শ্রোতব্যং শব্দতোঽর্থশ্চ বোদ্ধব্যমিতি মম কামোঽস্তি তত্ত্বাং পৃচ্ছামি কিমিদং ত্বয়া শ্রুতমিতি। শ্রুতবতোঽপি তব অজ্ঞানকৃতঃ সম্মোহা বিপর্য্যয়ঃ অনাত্মন্যাত্মধীরূপঃ স্বধর্মে যুদ্ধে চাধর্ম্মধীরূপ ইতি স দ্বিবিধোঽপি নষ্টঃ

আর, যে লোক এই গীতাশাস্ত্রের উপর দৃঢ়বিশ্বাসী হইয়া এবং ইহার উপরে কোন দোষারোপ না করিয়া ইহা কেবল শ্রবণও করেন, তিনিও সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া পুণ্যকারিগণের প্রাপ্য মঙ্গলময় স্বর্গ সকল লাভ করেন ॥৭১॥

তাৎপর্য্য—এই গীতা শ্রবণেও ভগবানের উপর অচলা ভক্তি জন্মে বলিয়া অসাধারণ পুণ্য হয়; তাহাতেই শ্রোতা পাপমুক্ত হইয়া স্বর্গ লাভ করেন। এই স্থানে ইহাও বুঝিতে হইবে যে, কোন শিশু সম্বোধনশব্দের অর্থ না বুঝিয়া সম্বোধন করিলেও মাতা যেমন সে স্থানে উপস্থিত হন, সেইরূপ গীতার অর্থ না বুঝিয়া পাঠ বা শ্রবণ করিলেও ভগবান্ সেখানে উপস্থিত হন এবং পাঠক ও শ্রোতার উপরে প্রসন্ন হইয়া থাকেন। একথা শ্রীধরস্বামী এবং মধুসূদনসরস্বতীও বলিয়াছেন ॥৭১॥

"অর্জ্জুন! তুমি একাগ্র চিত্তে আমার এই কথাগুলি শুনিয়াছ ত? ধনঞ্জয়! তোমার সেই অজ্ঞানসম্মোহ বিনষ্ট হইয়াছে ত?" ॥৭২॥

তাৎপর্য্য—অর্জ্জুন। গুরুসম্প্রদায়ের এইরূপ নিয়ম আছে যে, শিষ্য যে পর্য্যন্ত বুঝিবে, সেই পর্য্যন্তই তাহাকে গুরুর বলিতে হইবে; সুতরাং তুমি যদি আমার কথাগুলি না শুনিয়া থাক, বা না বুঝিয়া থাক, তবে আবারও বলি। আর যদি শুনিয়াও থাক এবং বুঝিয়াও থাক, তবে ভীষ্মপ্রভৃতির শরীরের উপরে তোমার আত্মবুদ্ধিরূপ ভ্রম এবং

অর্জ্জুন উবাচ।

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত।।
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব ॥৭৩॥

সঞ্জয় উবাচ।

ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ।
সংবাদমিমমশ্রৌষমদ্ভুতং লোমহর্ষণম্ ॥৭৪॥

ভাবতকৌমুদী

শ্রবণেন স্বচুক্তিজাতত্ত্বাববোধাৎ পুনরুপদেশাপেক্ষা নাস্তীতি জ্ঞাপয়িতুমর্জ্জুন উবাচ—নষ্ট ইতি। হে অচ্যুত! আত্মনো জগদ্গুরুত্বধর্মাদভ্রষ্ট! তব প্রসাদাদীদৃশোপদেশদানরূপা-দনুগ্রহাৎ, প্রাগুক্তরূপো মম মোহো নষ্টঃ, ময়া, আত্মনঃ ক্ষত্রিয়তয়া যুদ্ধস্যৈব কর্ত্তব্যতাযাঃ স্মৃতিশ্চ লব্ধা। গতস্তিরোহিতঃ সন্দেহঃ ভীষ্মাদিদেহ এব তত্তদাত্মা ন বা যুদ্ধং মে কর্ত্তব্যং ন বা ইত্যাদিসংশয়ো যস্য স তাদৃশঃ সন্, স্থিতঃ অস্মি। অতএব ইতঃ প্রভৃতি যাবজ্জীবং তে বচনং করিষ্যে ত্বদাজ্ঞাং পালয়িষ্যে ॥৭৩॥

ভারতভাবদীপঃ

কচ্চিৎ। মচ্ছ্রমসাফল্যমিচ্ছুস্তামহং পৃচ্ছামীত্যর্থঃ ॥৭২॥ এবং পৃষ্টঃ স্বস্য কৃতকৃত্যতাং জ্ঞাপয়ন্নর্জ্জুন উবাচ—নষ্টো মোহ ইতি। মোহঃ পূর্ব্বোক্তো দ্বিবিধোঽপি নষ্টঃ। স্মৃতিরয়-মহমস্মি পরং ব্রহ্মেত্যাত্মানুসন্ধানরূপা আত্মতত্ত্ববিষয়া লব্ধা। যস্যা লাভেন সর্ব্বহৃদয়গ্রন্থীনাং যাবান্ যশ্চাস্মি তত্ত্বত ইত্যত্রোদাহৃতানাং চিজ্জড়ৈক্যভ্রমপ্রভবাণাং বিমোক্ষো ভবতি। তথা চ শ্রূয়তে—"স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিমোক্ষ" ইতি। ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত স্মৃতির্লব্ধেতি সম্বন্ধঃ। স্থিতোঽস্মি ত্বচ্ছাসনে ইতি শেষঃ। গতসন্দেহো নষ্টসন্দেহ ইত্যনেনানাত্মন্যাত্ম-ধীরূপো মোহো নষ্ট ইতি দর্শিতম্। করিষ্যে বচনং তবেত্যনেন স্বধর্ম্মে যুদ্ধে চাধর্ম্মধীরূপো-ঽপি মোহো নষ্ট ইতি দর্শিতম্ ॥৭৩॥ সমাপ্তঃ শাস্ত্রার্থঃ। ইদানীং কথাপ্রবন্ধমেবানুবর্ত্তয়ন্

কর্ত্তব্য যুদ্ধের উপরে অকর্ত্তব্যত্বজ্ঞানরূপ ভ্রম হওয়ায় 'যুদ্ধ করিব না' বলিয়া যে মোহ জন্মিয়াছিল, তাহা তিরোহিত হইযাছে ত? ॥৭২॥

অর্জ্জুন বলিলেন—"কৃষ্ণ! তোমার অনুগ্রহে আমার সে মোহ তিরোহিত হইযাছে, আমি স্মৃতি লাভ কবিযাছি এবং আমার সন্দেহও গিয়াছে; অতএব আমি আজ হইতে যাবজ্জীবন তোমাব আদেশ পালন করিব" ॥৭৩॥

তাৎপর্য্য—মোহ কিরূপ, তাহা পূর্ব্বশ্লোকে বলা হইযাছে। 'আমি ক্ষত্রিয়, আমার যুদ্ধই কর্ত্তব্য' এই স্মৃতি আমার—তোমাব উপদেশে জন্মিয়াছে, অতএব অদ্য হইতে তোমার আদেশ পালন করিব, অর্থাৎ তোমার আদেশ হইলে এখনই যুদ্ধে প্রবৃত্ত হইব ॥৭৩॥

ব্যাসপ্রসাদাচ্ছ্রুতবানিমং গুহ্যমহং পরম্।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ম্ ॥৭৫॥

ভারতকৌমুদী

সকলাধ্যাত্মশাস্ত্রসারভূতাং কৃষ্ণার্জ্জুনসংবাদরূপাং গীতামনূদ্য প্রকৃতমনুসরন্ ধৃতরাষ্ট্রং প্রতি সঞ্জয় উবাচ—ইতীতি। হে রাজন্! অহম্, মহাত্মনো বাসুদেবস্য পার্থস্য চ, ইতি ইত্থম্, অদ্ভুতম্ অশ্রুতপূর্ব্বত্বাদাশ্চর্য্যম্, অতএব লোমহর্ষণং রোমাঞ্চজনকম্, ইমং সংবাদমালাপম্, অশ্রৌষং শ্রুতবানস্মি ॥৭৪॥

ননু কৌরবশিবিরবর্ত্তী ত্বং বিশালসমরাঙ্গনমধ্যবর্ত্তিনোঃ কৃষ্ণার্জ্জুনযোরিমং সংবাদমতিদূরাৎ কথমশ্রৌষীরিত্যাহ—ব্যাসেতি। অহম্, ব্যাসস্য প্রসাদাৎ "কথয়িষ্যতি তে যুদ্ধং সর্ব্বজ্ঞশ্চ ভবিষ্যতি" ইত্যাদিবরদানরূপানুগ্রহাৎ, স্বয়মাত্মনৈব, অর্জ্জুনান্তিকে কথয়তঃ, যোগেশ্বরাৎ ভক্তানাং মুক্ত্যুপায়নিয়ন্তুঃ কৃষ্ণাৎ, পরমত্যন্তম্, গুহ্যং গোপনীয়ম্, ইমং যোগং মুক্ত্যুপায়ভূতং ব্যাহারম্, সাক্ষাৎ প্রত্যক্ষমেব ন তু পরম্পরয়া, শ্রুতবান্ ॥৭৫॥

ভারতভাবদীপঃ

সঞ্জয় উবাচ—ইতীতি। অদ্ভুতং চেতসো বিস্ময়করং রোমহর্ষং রোমাঞ্চোদ্ভেদজনকম্। শেষং স্পষ্টম্ ॥৭৪॥ কথময়ং ত্বয়া দূরস্থয়োরপি বাসুদেবার্জ্জুনয়োঃ সংবাদঃ শ্রুত ইত্যত আহ—ব্যাসপ্রসাদাদিতি। ভগবতা ব্যাসেন দিব্যং চক্ষুঃশ্রোত্রাদিকং মহ্যং দত্তং যেনাহং ব্যবহিতং বিপ্রকৃষ্টং বা সর্ব্বং করতলামলকবদ্বিজানামি। অতো ব্যাসপ্রসাদাদেতচ্ছাস্ত্রং পরং গুহ্যং গোপ্যম্ অহং শ্রুতবান্। যোগঞ্চ পশ্য মে যোগমৈশ্বরমিতি প্রতিজ্ঞাপূর্ব্বকং প্রদর্শিতং বৈশ্বরূপ্যং তমপি দৃষ্টবানিতি শেষঃ। স্বয়ং কথয়ত ইত্যুক্তে "অস্য মহতো ভূতস্য নিঃশ্বসিত-মেতদ্যদৃগ্বেদ" ইতি শ্রুতেঃ স্বনিঃশ্বসিতং বেদং শিষ্যাচার্য্যপরম্পরয়া কথয়ত ইত্যায়াতি। তদর্থং সাক্ষাৎ কথয়ত ইতি সৃষ্ট্যাদৌ ব্রহ্মাণং প্রতীবেদানীমর্জ্জুনং প্রতি সাক্ষাৎ কথয়তঃ শ্রুতবানহমিত্যর্থঃ। তেন ভগবদনুগ্রহপাত্রতয়া ব্রহ্মণা সমত্বং স্বস্য দ্যোত্যতে। অত্র এতদ্‌যোগমিত্যভেদেনান্বয়ে তু গুহ্যপদাপেক্ষয়া এতদ্‌যোগমিতি পুন্নপুংসকলিঙ্গয়োরপি

সঞ্জয় বলিলেন—"রাজা! (ধৃতরাষ্ট্র!) মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুনের এইরূপ অদ্ভুত ও লোমহর্ষণ এই সংবাদ আমি শ্রবণ করিয়াছিলাম ॥৭৪॥

তাৎপর্য্য—প্রথমে ধৃতরাষ্ট্রের প্রশ্ন অনুসারে সঞ্জয় কৃষ্ণার্জ্জুনসংবাদরূপ গীতা বলিতে আরম্ভ করিয়াছিলেন, এখন তাহা সমাপ্ত হওয়ায় তিনি তৎকালীন নিজের অবস্থাই ধৃতরাষ্ট্রের নিকটে বলিতে লাগিলেন ॥৭৪॥

---

(৭৫)…এতদ্‌গুহ্যমহং পরম্—ইতি নীলকণ্ঠধৃতঃ পাঠঃ।

রাজন্! সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতম্।
কেশবার্জ্জুনযোঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্মুহুঃ॥৭৬॥
তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ।
বিস্ময়ো মে মহান্ রাজন্! হৃষ্যামি চ পুনঃ পুনঃ॥৭৭॥

ভারতকৌমুদী

তেন চ কীদৃশী তবাবস্থা জাতেত্যাহ—রাজন্নিতি। হে রাজন্! ধৃতরাষ্ট্র! অহম্, ইমমদ্ভুতম্, পুণ্যং শ্রবণেনাপি পুণ্যজনকম্, কেশবার্জ্জুনযোঃ সংবাদম্, সংস্মৃত্য সংস্মৃত্য, মুহুর্মুহুঃ, হৃষ্যামি আনন্দিতো ভবামি, ভগবতঃ সাক্ষাচ্ছ্রবণাদেব॥৭৬॥

অপরং কিং জায়ত ইত্যাহ—তদিতি। হে রাজন্! তচ্চ, হরেঃ ভক্তানাং জন্মমরণক্লেশহরণকারিণঃ কৃষ্ণস্য, অত্যদ্ভুতম্, রূপং বিশ্বরূপম্, সংস্মৃত্য সংস্মৃত্য স্থিতস্যেতি শেষঃ, মে মম, মহান্ বিস্ময়ো ভবতি; তথাহং পুনঃ পুনঃ হৃষ্যামি চ রোমাঞ্চিতদেহশ্চ ভবামি, বিস্ময়াতিশয়াদেবেতি ভাবঃ॥৭৭॥

ভারতভাবদীপঃ

সামানাধিকরণ্যং "শক্যঞ্চ যৎকিঞ্চিদন্নতাপি ক্ষুদুপহন্তু"মিত্যাদাবিব পূর্ব্বপ্রবৃত্তলিঙ্গসংস্কারপ্রাবল্যাদুত্তরত্র ভিন্নলিঙ্গবিশেষ্যলাভেঽপি পূর্ব্বসংস্কারো ন নিবর্ত্তত ইতি সামানাধিকরণ্যং বিলিঙ্গয়োরপি বক্তুং শক্যমিতি জ্ঞেয়ম্॥৭৫॥ কেশবার্জ্জুনসংবাদশ্রবণজং বিশ্বরূপাখ্যযোগদর্শনজনং চাহ্লাদং ক্রমেণ শ্লোকদ্বয়েনাহ—রাজন্নিতি। হে রাজন্! হে ধৃতরাষ্ট্র! পুণ্যং পুণ্যকরং পাপহরং চেত্যর্থাৎ। সংস্মৃত্য সংস্মৃত্যেতি সম্ভ্রমে দ্বিরুক্তিঃ। শেষং স্পষ্টার্থম্॥৭৬॥ তচ্চেতি। রূপং বিশ্বরূপম্ এতদ্দর্শনে হি ব্রহ্মাণমীশমিতি দেশতো বিপ্রকৃষ্টম্ "বক্ত্রাণি

যোগেশ্বর কৃষ্ণ নিজেই অর্জ্জুনের নিকট বলিতেছিলেন, সেই অবস্থাতেই পরম গোপনীয় এই মুক্তিজনক বাক্য সকল আমি বেদব্যাসের অনুগ্রহে শুনিয়াছিলাম॥৭৫॥

তাৎপর্য্য—এই ভীষ্মপর্ব্বেরই দ্বিতীয় অধ্যায়ে কথিত আছে—ধৃতরাষ্ট্রের নিকট যুদ্ধের সমস্ত বৃত্তান্ত বলিবার জন্য বেদব্যাস সঞ্জয়কে দিব্য চক্ষু, দিব্য কর্ণ ও সর্ব্বজ্ঞতালাভের বর দিয়াছিলেন; তাহাতেই সঞ্জয় অতিদূর হইতেও এই কৃষ্ণার্জ্জুনের সংবাদ শুনিয়াছিলেন এবং বিশ্বরূপ দেখিয়াছিলেন॥৭৫॥

রাজা! আমি কৃষ্ণ ও অর্জ্জুনের অদ্ভুত এবং পুণ্যজনক এই সংবাদ স্মরণ করিয়া করিয়া মুহুর্মুহু আনন্দিত হইতেছি॥৭৬॥

তাৎপর্য্য—আমি সাধারণ মানুষ হইয়াও সাক্ষাৎ নারায়ণের মুখের এই সকল কথা শুনিতে পাওয়ায় অনবরত আনন্দিত হইতেছি॥৭৬॥

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্দ্ধরঃ।
তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম ॥৭৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভগবদ্গীতায়াং দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতায়াস্তু অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তেয়ং ভগবদ্গীতা ॥

—:*:—

ভারতকৌমুদী

ইদানীং সঞ্জয়ঃ স্বসম্ভাবনামাহ—যত্রেতি। যত্র যুধিষ্ঠিরপক্ষে, যোগেশ্বরো ভক্তানাং মুক্ত্যুপায়নিয়ন্তা কৃষ্ণো বর্ত্ততে, যত্র চ যুধিষ্ঠিরপক্ষে, ধনুর্দ্ধরঃ অদ্বিতীয়ো ধনুর্যোদ্ধা, পার্থঃ পৃথায়াঃ কুন্ত্যাঃ পুত্রঃ অর্জ্জুনস্তিষ্ঠতি, তত্র তস্মিন্ যুধিষ্ঠিরপক্ষ এব, শ্রীর্বীরত্বসম্পৎ বর্ত্ততে, বিজয়ো বিশেষেণ জয়লাভশ্চ ভবেৎ, ভূতিঃ রাজ্যসম্পচ্চ, ধ্রুবা অবশ্যম্ভাবিনী, নীতির্ধর্ম্ম্যো ন্যায়শ্চ তিষ্ঠেৎ, ইতি মম মতিঃ সম্ভাবনা বর্ত্ততে। অতো ভীষ্মপতনেঽপ্যধুনৈব ত্বয়া সন্ধিঃ করণীয় ইতি ভাবঃ ॥৭৮॥

ভারতভাবদীপঃ

তে ত্বরমাণা বিশন্তী"তি কালতো ব্যবহিতং ভীষ্মাদিক্ষয়ঞ্চ করতলামলকবদ্দৃষ্টবান্। তচ্চ জগতো মিথ্যাত্বমন্তরেণ ন সম্ভবতীতি প্রতিপাদিতং বেদান্তকতকে—

"অতীতানাগতং বস্তু বীক্ষ্যতে করবিল্ববৎ।
যোগী সঙ্কল্পমাত্রোত্থমিতি শাস্ত্রেষু ডিণ্ডিমঃ ॥

মায়ায়াং সর্ব্বদা সর্ব্বং সর্ব্বাবস্থমিদং জগৎ।
অস্তীতি তদুপাধিশ্চিৎসার্ব্বাত্ম্যাৎ সর্ব্বমীক্ষতে ॥

আরম্ভপরিণামাভ্যাং স্বেন রূপেণ যন্ন সৎ।
অতীতানাগতং বস্তু যোগী তদ্বীক্ষতাং কথম্ ॥

সঙ্কল্পমাত্রভাতং বস্ত্বতীতাদি যদীষ্যতে।
নষ্টস্ত্রীদর্শনাভং তৎ স্যাদযোগিজ্ঞানমপ্রমা ॥

যোগিসঙ্কল্পমাত্রেণ তস্যোৎপত্তির্যদীষ্যতে।
ঈশসঙ্কল্পমাত্রেণ সর্ব্বোৎপত্তিস্তদেষ্যতাম্ ॥

আরম্ভে পরিণামে বা দেশকালাদ্যতিক্রমঃ।
নৈব দৃষ্টঃ ক্বচিৎ সোঽয়ং স্বপ্নমায়াদিষু স্ফুটঃ ॥

ভারতকৌমুদী

শ্রীশঙ্করো যাং বিবৃতিং চকার
শ্রীশ্রীধরঃ শ্রীমধুসূদনশ্চ।
তত্তদ্বিরোধোঽত্র সতাং ক্ষমার্হো
যতুচ্যতে 'ভিন্নরুচির্হি লোকঃ' ॥১॥
পৌষে ত্রয়োবিংশদিনে প্রবর্ত্তিতা
জ্যৈষ্ঠে ত্রয়োবিংশদিনে সমাপিতা।
বর্ষদ্বয়ান্তর্গতমাসপঞ্চকে
বঙ্গানুবাদাদিযুতাঽসকৌ কৃতা ॥২॥
গীতাবিবৃতিরারব্ধা সপ্তেষষ্টেন্দুমে শকে।
সমাপ্তানুক্তিযুক্তাসৌ অষ্টেষষ্টেন্দুমে শকে ॥৩॥
রাজা কিলৈকং নব তৎসুতশ্চ
ব্রহ্মাগ্নীনাচষ্ট স সঞ্জয়শ্চ।
পার্থঃ শরাষ্টৌ যুগসপ্তবাণান্
কৃষ্ণশ্চ তৎ সপ্তশতী হি গীতা ॥৪॥ *

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাযাং দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতায়াস্তু অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তেয়ং ভগবদ্গীতায়া ভারতকৌমুদী।

—:*:—

ভারতভাবদীপঃ

যুগপদ্গৃহ্যেত কুম্ভো নানাদেশস্থযোগিভিঃ।
জলসূর্য্য ইবাস্মাভিস্তেনাসৌ কল্পিতঃ স্ফুটম্ ॥
যোগিভির্গৃহ্যমাণত্বাদ্ঘটঃ সর্ব্বত্র সর্ব্বদা।
সন্নেবাস্তীতি চেৎ কার্য্যং কথমীদৃগ্বিধং ভবেৎ ॥
ব্যাবৃত্তং হীয়তে কার্য্যং যুগপদ্ভিন্নদেশতা।
চেৎ কল্পনাং বিনাস্তেষ্টা দৃষ্টান্তস্তত্র নাস্তি বঃ ॥
তস্মান্নাণুভিরারব্ধভিত্তিবন্নাপি গব্যবৎ।
প্রকৃতেঃ পরিণামো বা জগৎ কিন্ত্বিন্দ্রজালবৎ ॥
সত্যং বদ্ধদৃশামিন্দ্রজালং বিশ্বং পরাগ্দৃশাম্।
অধিষ্ঠানাদৃতে শুদ্ধদৃশাং নাস্ত্যেব তদ্দ্বয়ম্ ॥" ইতি।

---

* ধৃতরাষ্ট্রঃ ১, দুর্য্যোধনঃ ৯, সঞ্জয়ঃ ৩১, অর্জ্জুনঃ ৮৫, কৃষ্ণঃ ৫৭৪ শ্লোকান্ আচষ্ট অব্রবীৎ।
সাকল্যেন — ১ + ৯ + ৩১ + ৮৫ + ৫৭৪ = ৭০০

ভারতভাবদীপঃ

স্পষ্টার্থো মূলশ্লোকঃ ॥৭৭॥ যস্মাদনন্তৈশ্বর্য্যো ভগবাংস্তদনুগৃহীতোঽনর্জ্জুনশ্চ যুধিষ্ঠিরপক্ষেঽস্তি অতস্ত্বয়া জয়াশা ন কার্য্যেত্যাহ—যত্রেতি। যত্র পক্ষে, ধ্রুবেতি সর্ব্বত্র সম্বধ্যতে। শ্রীর্দিব্যসভাদি-শোভা, বিজয়ঃ প্রসিদ্ধঃ, ভূতিরৈশ্বর্য্যং সর্ব্বনিষন্তৃত্বম্, নীতির্নিয়ন্তৃত্বম্, নীতির্ন্যয়শ্চ এতৎ সর্ব্বং তত্র তস্মিন্ পক্ষে ধ্রুবমিতি মম মতিঃ, অতঃ পাণ্ডবৈঃ সহ সন্ধিরেব কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৭৮॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪২॥

ইতি নৈলকণ্ঠীযে গীতায়াম্ অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮॥

—:*:—

আর, রাজা! কৃষ্ণের সেই অত্যাশ্চর্য্য বিশ্বরূপ স্মরণ করিয়া করিয়া আমার গুরুতর বিস্ময় জন্মিতেছে এবং বার বার শরীর রোমাঞ্চিত হইতেছে ॥৭৭॥

তাৎপর্য্য—দেবতারাও সর্ব্বদা যে রূপ দেখিবার আকাঙ্ক্ষা করেন, অথচ দেখিতে পান না, আমি সাধারণ মানুষ হইয়া সেই বিশ্বরূপই দেখিতে পাইয়াছি; ইহা স্মরণ করিয়া করিয়া আমার অত্যন্ত বিস্ময় জন্মিতেছে, তাহাতেই শরীরে বার বার রোমাঞ্চ উৎপন্ন হইতেছে ॥৭৭॥

যে পক্ষে স্বয়ং যোগেশ্বর কৃষ্ণ রহিয়াছেন এবং যে পক্ষে অদ্বিতীয় ধনুর্যোদ্ধা অর্জ্জুন অবস্থান করিতেছেন, সেই পক্ষেই বীরত্বসম্পদ্ রহিয়াছে; সুতরাং সেই পক্ষেই বিশেষরূপে জয়লাভ হইবে, রাজ্যসম্পদ্‌ও সেই পক্ষেরই অবশ্যম্ভাবিনী এবং ধর্ম্মসঙ্গত নীতিও সেই পক্ষেই থাকিবে" ॥৭৮॥

তাৎপর্য্য—অতএব রাজা! আপনার পক্ষের ভীষ্মের পতন হইয়া থাকিলেও এখনই পাণ্ডবদের সহিত সন্ধি করা আপনার উচিত ॥৭৮॥

—:*:—

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

সঞ্জয় উবাচ ।*

তেতো ধনঞ্জয়ং দৃষ্ট্বা বাণগাণ্ডীবধারিণম্ ।
পুনরেব মহানাদং ব্যস্বজন্ত মহাবথাঃ ॥১॥
পাণ্ডবাঃ স্বঞ্জয়াশ্চৈব যে চৈষামনুযায়িনঃ ।
প্রদধ্মুর্মুদিতাঃ শঙ্খান্ বীরাঃ সাগরসম্ভবান্ ॥২॥

ভাবতকৌমুদী

অথ গীতাপ্রথমাধ্যাযে "এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ। বিসৃজ্য সশংর চাপং শোকসংবিগ্নমানসঃ ॥" ইত্যনেন স্বজনবধসম্ভাবনানিমিত্তকশোকাবসাদেন সশরচাপত্যাগপূর্ব্বক-মর্জ্জুনস্তোপবেশনমুক্তম্, তদবসরে চ সমরাঙ্গনমধ্যদেশে ত্যক্তসশরচাপমুপবিষ্টমর্জ্জুনমবলোক্য পাণ্ডবযোধাঃ কিমিতি সন্দিহানাঃ স্বোৎসাহপ্রকাশবিরতা আসন্, পরঞ্চ ভগবতো গীতোপদেশেন বিগতমোহঃ "করিষ্যে বচনং তব" ইত্যভিধায় যুদ্ধায়ৈব ভগবানাদিশেদিতি সম্ভাবয়ন্নর্জ্জুনঃ পুনরপি সশরং চাপং গৃহ্নন্নুত্তস্থৌ, তদবলোক্য চ পাণ্ডবযোধাঃ স্বোৎসাহপ্রকাশায় সিংহনাদমকুর্ব্বন্, তদেব সঞ্জয়ো ধৃতরাষ্ট্রায়োবাচ। তত ইতি। ততো ধনঞ্জযস্তৈবোত্থানাৎ পরম্, পাণ্ডবপক্ষীয়া মহাবথাঃ, ধনঞ্জয়ম্, বাণগাণ্ডীবধারিণং দৃষ্ট্বা, পুনরেব মহানাদং সিংহনাদম্, ব্যস্বজন্ত উৎসাহ-প্রকাশায়াকুর্ব্বন্ ॥১॥

পাণ্ডবা ইতি। সাগরসম্ভবান্, অতএব বিশালধ্বনীনিত্যাশযঃ ॥২॥

সঞ্জয় বলিলেন—"তাহাব পব পাণ্ডবপক্ষীয় মহাবথেরা অর্জ্জুনকে উত্থিত এবং বাণগাণ্ডীবধারী দর্শন কবিযা পুনরায় মহাসিংহনাদ কবিলেন ॥১॥

পাণ্ডবগণ, স্বঞ্জয়গণ এবং যাঁহারা উঁহাদেব অনুগামী ছিলেন, সেই বীরেরা আনন্দিত হইয়া সমুদ্রজাত শঙ্খসমূহের ধ্বনি করিলেন ॥২॥

---

* ইতঃ পূর্ব্বম্ 'বৈশম্পায়ন উবাচ। গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ (শাস্ত্রসংগ্রহৈঃ)। যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনির্গতা ॥ সর্ব্বশাস্ত্রময়ী গীতা সর্ব্বদেবময়ো হরিঃ। সর্ব্বতীর্থময়ী গঙ্গা সর্ব্ববেদমযো মনুঃ ॥ গীতা গঙ্গা চ গায়ত্রী গোবিন্দেতি হৃদি স্থিতে। চতুর্গকারসংযুক্তে পুনর্জ্জন্ম ন বিদ্যতে ॥ ষট্শতানি সবিংশানি শ্লোকানাং প্রাহ কেশবঃ। অর্জ্জুনঃ সপ্তপঞ্চাশৎ সপ্তষষ্টিস্তু সঞ্জযঃ। ধৃতরাষ্ট্রঃ শ্লোকমেকং গীতায়া মানমুচ্যতে ॥ ভারতামৃতসর্ব্বস্ব-গীতায়া মথিতস্য চ। সারমুদ্ধৃত্য কৃষ্ণেন অর্জ্জুনস্য মুখে হুতম্ ॥' ইমে পঞ্চ শ্লোকাঃ বা নি রা অধিকাঃ (প্রক্ষিপ্তাঃ), শঙ্করশ্রীধরাভ্যাং গীতায়াং সপ্তশতশ্লোকমাত্রোল্লেখাৎ অত্র তু তদধিকগণনাৎ নীলকণ্ঠেন গৌডীয়পুস্তকে এতৎপঞ্চশ্লোকাদর্শনাৎ অস্মৎপিতামহাদিপুস্তকেষু চাস্মাভিরপ্যেতৎ-পঞ্চশ্লোকালাভাৎ।

তথা ভের্য্যশ্চ পেশ্যশ্চ ক্রকচা গোবিষাণিকাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥৩॥
অথ দেবাঃ সগন্ধর্ব্বাঃ পিতরশ্চ জনেশ্বর ! ।
সিদ্ধচারণসংঘাশ্চ সমীয়ুস্তে দিদৃক্ষযা ॥৪॥
ঋষয়শ্চ মহাভাগাঃ পুরস্কৃত্য শতক্রতুম্।
সমীয়ুস্তত্র সহিতা দ্রষ্টুং তদ্বৈশসং মহৎ ॥৫॥
ততো যুধিষ্ঠিরো দৃষ্ট্বা যুদ্ধায় সুসমুদ্যতে।
তে সেনে সাগরপ্রখ্যে মুহুঃ প্রচলিতে নৃপ ! ॥৬॥

ভারতকৌমুদী

তথেতি। পেশ্যাদয়স্তদানীন্তনা বাদ্যবিশেষাঃ। অভ্যহন্যন্ত অবাদ্যন্ত ॥৩॥
অথেতি। সমীয়ুঃ তত্রাজগ্মুঃ, দিদৃক্ষয়া যুদ্ধদর্শনেচ্ছযা ॥৪॥
ঋষয ইতি। পুরস্কৃত্য অগ্রগামীকৃত্য, শতক্রতুমিন্দ্রম্। বৈশসং মারীম্ ॥৫॥
তত ইতি। দৃষ্ট্বা তৎকালীনং স্বকর্ত্তব্যমবাধারযদিতি শেষঃ ॥৬॥

ভাবতভাবদীপঃ

"গীতা সুগীতা কর্ত্তব্যা" ইত্যাদযঃ সার্দ্ধাঃ পঞ্চ শ্লোকা গৌডৈর্ন পঠ্যন্তে। এবং গীতান্তে মন্মনা ভবেত্যাদিনা নিষ্কামানামাত্মনিষ্ঠানামেবৈশ্বসীত্যাত্মপ্রাপ্তিশ্চ তৎফলভূতা দর্শিতা সকামানাং ত্বর্থাধীনা কামসিদ্ধিঃ। অর্থশ্চ সতামপি পাণ্ডবানামিব গুরুবধানুতাদ্যাশ্রয়েণৈব সিধ্যতি, সোঽপি বলবদনুগ্রহাৎ। অন্যেষান্তু কৌরবাণামিব সাধ্যমানো নিরন্বয়োচ্ছেদায ভবতীতি দর্শযিষ্যন্ যুদ্ধপ্রধানং গ্রন্থং সৌপ্তিকপর্ব্বান্তমারভতেঽর্থস্যানর্থহেতুত্বং বিবরীতুং—ততো ধনঞ্জয়ং দৃষ্ট্বেতি। ততঃ অর্জ্জুনস্য "কবিষ্যে বচনং তবে"ত্যেবংরূপপ্রতিজ্ঞা-

---

আর সেই সময়েই ভেরী, পেশী, ক্রকচ ও গোবিষাণ বাজিয়া উঠিল, তখন সেই শব্দ তুমুল হইয়া পড়িল ॥৩॥

মহারাজ ! তাহার পর দেবগণ, গন্ধর্ব্বগণ, পিতৃগণ, সিদ্ধগণ ও চারণগণ যুদ্ধ দর্শন করিবার ইচ্ছায় সেস্থানে আগমন করিলেন ॥৪॥

এবং মহাত্মা ঋষিরাও দেবরাজ ইন্দ্রকে অগ্রবর্ত্তী করিয়া সেই মহাযুদ্ধ দেখিবার জন্য সম্মিলিত হইয়া সে স্থানে উপস্থিত হইলেন ॥৫॥

রাজা ! তাহার পর যুধিষ্ঠির সমুদ্রতুল্য উভয় সৈন্যকে যুদ্ধের নিমিত্ত সমুদ্যত ও অনবরত অগ্রসর হইবার জন্য আগ্রহান্বিত দেখিযা মনে মনে তৎকালীন নিজ কর্ত্তব্য স্থির করিলেন ॥৬॥

---

(৩)…ততো ভের্য্যশ্চ—বা নি। (৪) তথা দেবাঃ—বা নি। (৬)…যুদ্ধায় সমবস্থিতে …বা নি।

বিমুচ্য কবচং বীরো নিক্ষিপ্য চ বরায়ুধম্।
অবরুহ্য রথাত্তূর্ণং পদ্ভ্যামেব কৃতাঞ্জলিঃ ॥৭॥
পিতামহমভিপ্রেক্ষ্য ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
বাগ্‌যতঃ প্রযযৌ ধীরঃ প্রাঙ্‌মুখো রিপুবাহিনীম্ ॥৮॥ (যুগ্মকম্)
তং প্রয়ান্তমভিপ্রেক্ষ্য কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
অবতীর্য্য রথাত্তূর্ণং ভ্রাতৃভিঃ সহিতোঽন্বগাৎ ॥৯॥
বাসুদেবশ্চ তং রাজন্! পৃষ্ঠতোঽনুজগাম হ।
যথামুখ্যঞ্চ রাজানস্তং সমাজগ্মুরুৎসুকাঃ ॥১০॥
অর্জ্জুন উবাচ।
কিং তে ব্যবসিতং রাজন্! যদস্মানপহায় বৈ।
পদ্ভ্যামেব প্রয়াতোঽসি প্রাঙ্‌মুখো রিপুবাহিনীম্ ॥১১॥

ভারতকৌমুদী

বিমুচ্যেতি। বরায়ুধম্ উত্তমং ধনুঃ। বাগ্‌যতো নীরবঃ, ধীরো ধৈর্য্যবান্ ॥৭—৮॥
তমিতি। অন্বগাৎ যুধিষ্ঠিরমেবানুগতবান্ ॥৯॥
বাসুদেব ইতি। মুখ্যং প্রধানমনতিক্রম্যেতি যথামুখ্যম্ ॥১০॥
কিমিতি। তে ত্বয়া, ব্যবসিতমভিপ্রেতম্ ॥১১॥

ভারতভাবদীপঃ

নন্তরং ধনঞ্জয়ং যুদ্ধার্থং সন্নদ্ধং দৃষ্ট্বেত্যর্থঃ ॥১—২॥ ভের্য্যো বৃহত্যো ঢক্কাঃ। পেশ্যঃ কাহলাঃ। ক্রকচা জয়মঙ্গলাঃ। গোবিষাণিকা গবাদিশৃঙ্গাণি। সহসা যুগপদেব অভ্যহন্যন্ত অবাদ্যন্ত ॥৩—৬॥ বরায়ুধং ধনুঃশ্রেষ্ঠম্, অবরুহ্য অবতীর্য্য ॥৭—৮॥ যেন বিজয়াখ্যেন

তখন ধর্ম্মরাজ বীর যুধিষ্ঠির কবচ খুলিয়া রাখিয়া, ধনু পরিত্যাগ করিয়া, রথ হইতে সত্বর অবতীর্ণ, কৃতাঞ্জলি, মৌনী, ধৈর্য্যশীল ও পূর্ব্বমুখ হইয়া, ভীষ্মের প্রতি দৃষ্টিপাত করিয়া শত্রুসৈন্যের দিকে পদব্রজেই গমন করিতে লাগিলেন ॥৭—৮॥

তাঁহাকে গমন করিতে দেখিয়া কুন্তীনন্দন অর্জ্জুন সত্বর রথ হইতে অবতরণ করিয়া ভ্রাতাদের সহিত মিলিত হইয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিলেন ॥৯॥

রাজা! সেই সময়ে কৃষ্ণও তাঁহার পিছনে চলিলেন এবং প্রধান প্রধান রাজারাও উৎকণ্ঠিত হইয়া তাঁহার অনুসরণ করিতে থাকিলেন ॥১০॥

---

(৮)…প্রযযৌ যেন—পি বা ব রা। (৯)…অন্বয়াৎ—নি। (১০) বাসুদেবশ্চ ভগবান্ —নি রা।

ভীমসেন উবাচ।

ক্ব গমিষ্যসি রাজেন্দ্র! নিক্ষিপ্তকবচায়ুধঃ।
দংশিতেষ্বরিসৈন্যেষু ভ্রাতৄনুৎসৃজ্য পার্থিব! ॥১২॥

নকুল উবাচ।

এবং গতে ত্বয়ি জ্যেষ্ঠে মম ভ্রাতরি ভারত!।
ভীর্মে দুনোতি হৃদয়ং ব্রূহি গন্তা ভবান্ ক্ব নু ॥১৩॥

সহদেব উবাচ।

অস্মিন্ রণসমূহে বৈ বর্ত্তমানে মহাভয়ে।
যোদ্ধব্যে ক্ব নু গন্তাসি শত্রূনভিমুখো নৃপ! ॥১৪॥

সঞ্জয় উবাচ।

এবমাভাষ্যমাণোঽপি ভ্রাতৃভিঃ কুরুনন্দন!।
নোবাচ বাগ্‌যতঃ কিঞ্চিদ্‌গচ্ছত্যেব যুধিষ্ঠিরঃ ॥১৫॥

ভারতকৌমুদী

ক্বেতি। নিক্ষিপ্তকবচায়ুধঃ ত্যক্তবর্ম্মাস্ত্রঃ। দংশিতেষু সন্নদ্ধেষু সৎসু ॥১২॥
এবমিতি। গতে শত্রূন্ প্রতি প্রস্থিতে। ভীঃ ত্বত্তঃ সম্ভাব্যমানানুনয়ভয়ম্ ॥১৩॥
অস্মিন্নিতি। রণসমূহে বহুভিঃ করিষ্যমাণেষু বহুষু রণেষু ॥১৪॥
এবমিতি। বাগ্‌যতো মৌনী, রণদেবতাধ্যাননিরতত্বাদিত্যাশয়ঃ ॥১৫॥

তখন অর্জ্জুন বলিলেন—"রাজা! আপনার অভিপ্রায়টা কি? আপনি যে আমাদিগকে পরিত্যাগ করিয়া পূর্ব্বমুখ হইয়া শত্রুসৈন্যের দিকে পদব্রজেই গমন করিতে লাগিলেন" ॥১১॥

ভীমসেন বলিলেন—"রাজশ্রেষ্ঠ রাজা! শত্রুসৈন্য যুদ্ধসজ্জায় সজ্জিত রহিয়াছে, এই অবস্থায় আপনি কবচ ও অস্ত্র ফেলিয়া ভ্রাতৃগণকে পরিত্যাগ করিয়া একাকী কোথায় যাইবেন?" ॥১২॥

নকুল কহিলেন—"ভরতনন্দন! আপনি আমাদের জ্যেষ্ঠ ভ্রাতা হইয়া এই-ভাবে শত্রুগণের দিকে গমন করিতেছেন বলিয়া ভয়ে আমার হৃদয় সন্তপ্ত হইতেছে; অতএব বলুন—আপনি কোথায় যাইবেন?" ॥১৩॥

সহদেব বলিলেন—"রাজা! অতিভয়ঙ্কর যুদ্ধসমূহ এই উপস্থিত হইল বলিয়া; এ অবস্থায় আপনার যুদ্ধই কর্ত্তব্য, তথাপি আপনি শত্রুগণের দিকে কোথায় গমন করিবেন?" ॥১৪॥

---

(১৪)…উৎসৃজ্য ক্ব নু গন্তাসি—নি দ।

তানুবাচ মহাপ্রাজ্ঞো বাসুদেবো মহামনাঃ।
অভিপ্রায়োঽস্য বিজ্ঞাতো ময়েতি প্রহসন্নিব ॥১৬॥
এষ ভীষ্মং তথা দ্রোণং গৌতমং শল্যমেব চ।
অনুমান্য গুরূন্ সর্ব্বান্ যোৎস্যতে সহ শত্রুভিঃ ॥১৭॥
শ্রূয়তে হি পুরাকল্পে গুরূননুমান্য যঃ।
যুধ্যতে স ভবেদ্ব্যক্তমপধ্যাতো মহত্তরৈঃ ॥১৮॥
অনুমান্য যথাশাস্ত্রং যস্তু যুধ্যেন্মহত্তরৈঃ।
ধ্রুবস্তস্য জয়ো যুদ্ধে ভবেদিতি মতির্মম ॥১৯॥
এবং ব্রুবতি কৃষ্ণে তু ধার্ত্তরাষ্ট্রচমূং প্রতি।
হাহাকারো মহানাসীন্নিঃশব্দাস্ত্বপরেঽভবন্ ॥২০॥

ভাবতকৌমুদী

তানিতি। বিজ্ঞাতঃ অনুমানাদবগতঃ ॥১৬॥
এষ ইতি। এষ যুধিষ্ঠিরঃ। গৌতমং কৃপম্। অনুমান্য সম্মান্য ॥১৭॥
শ্রূয়ত ইতি। পুরাকল্পে প্রাচীনযুদ্ধশাস্ত্রে। ব্যক্তং ধ্রুবম্, অপধ্যাতোঽভিশপ্তঃ ॥১৮॥
অন্বিতি। মহত্তরৈর্গুরুজনৈঃ সহ। ধ্রুবো নিশ্চিতঃ ॥১৯॥
এবমিতি। হাহাকারঃ যুধিষ্ঠিরস্য শিষ্টাচারেণ তস্যৈব জয়সম্ভাবনয়েতি ভাবঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

প্রয়োজনেন স্বযং যুধিষ্ঠিবঃ সংগ্রামে দৃঢবুদ্ধিস্তৎসিদ্ধ্যর্থম্ অভিপ্রেক্ষ্য আলোচ্য প্রথমং পিতামহং প্রতি প্রযযৌ রিপুবাহিনীং প্রবিশ্যেতি শেষঃ ॥৯—১৬॥ গৌতমং কৃপম্ ॥১৭॥ পুরাকল্পে

সঞ্জয় কহিলেন—"কুরুনন্দন! ভ্রাতারা এইরূপ বলিতে লাগিলেও মৌনী যুধিষ্ঠির কিছুই বলিলেন না, যাইতেই লাগিলেন ॥১৫॥

তখন মহাবুদ্ধি ও উদাবচেতা কৃষ্ণ হাসিতে হাসিতেই যেন তাঁহাদিগকে বলিলেন—"আমি উঁহার অভিপ্রায় বুঝিয়াছি ॥১৬॥

ইনি—ভীষ্ম, দ্রোণ, কৃপ ও শল্যপ্রভৃতি সকল গুরুজনকে সম্মান প্রদর্শন করিয়া পরে শত্রুগণের সহিত যুদ্ধ করিবেন ॥১৭॥

প্রাচীন যুদ্ধশাস্ত্রে শুনিতে পাই—যে লোক গুরুজনের সম্মান না করিয়া যুদ্ধ করে, সে লোক গুরুজনকর্তৃক অভিশপ্ত হয ॥১৮॥

আব, যে লোক শাস্ত্রানুসারে গুরুজনেব সম্মান করিয়া পরে তাঁহাদের সহিত যুদ্ধ করে, তাহার নিশ্চযই জয় হয। আমারও এইরূপই ধাবণা" ॥১৯॥

---

(১৭)···যোৎস্যতে পার্থিবোঽরিভিঃ—নি রা।

দৃষ্ট্বা যুধিষ্ঠিরং দূরাদ্ধার্ত্তরাষ্ট্রস্য সৈনিকাঃ।
মিথঃ সঙ্কথয়াঞ্চক্রুরেষো হি কুলপাংসনঃ ॥২১॥
ব্যক্তং ভীত ইহাভ্যেতি রাজাসৌ ভীষ্মমন্তিকম্।
যুধিষ্ঠিরঃ সসোদর্য্যঃ শরণার্থং প্রযাচকঃ ॥২২॥
ধনঞ্জয়ে কথং নাথে পাণ্ডুপুত্রে বৃকোদরে।
নকুলে সহদেবে চ ভীতোঽভ্যেতি চ পাণ্ডবঃ ॥২৩॥
ন নূনং ক্ষত্রিয়কুলে জাতোঽয়ং প্রথিতে ভুবি।
যথাস্য হৃদয়ং ভীতমল্পসত্ত্বস্য সংযুগে ॥২৪॥
ততস্তে সৈনিকাঃ সর্ব্বে প্রশংসন্তি স্ম কৌরবান্।
হৃষ্টাঃ সুমনসো ভূত্বা চেলানি দুধুবুঃ পৃথক্ ॥২৫॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। মিথঃ পরস্পরম্। এষ ইতি বিসর্গলোপাভাবঃ আর্ষঃ ॥২১॥

ব্যক্তমিতি। অন্তিকমস্মাকমন্তিকস্থম্। সসোদর্য্যঃ ভ্রাতৃভিঃ সহ ॥২২॥

ধনঞ্জয় ইতি। নাথে রক্ষকে সতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥২৩॥

নেতি। যথা যতঃ। অল্পসত্ত্বস্য অল্পবলস্য, সংযুগে যুদ্ধে। "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে" ইতি প্রথমকৃতযুদ্ধনিয়মাৎ সৈনিকা যুধিষ্ঠিরং ন প্রজহ্রুঃ, যুধিষ্ঠিরশ্চ তথা গন্তুমিয়েষ, ভীষ্মনিয়মিতত্বাচ্চিরাত্যাচারী দুর্য্যোধনোঽপি চ তদানীং নিষ্ক্রিয় এবাসীৎ ॥২৪॥

তত ইতি। প্রশংসন্তি স্ম, যুধিষ্ঠিরানুনয়েন বিনা যুদ্ধং জয়লাভসম্ভাবনাদিতি ভাবঃ। সুমনসো নির্বৈরচিত্তাঃ, চেলানি বসনানি, দুধুবুঃ কম্পয়ামাসুঃ, হর্ষাদেবেত্যাশয়ঃ ॥২৫॥

কৃষ্ণ এইরূপ বলিলে, দুর্য্যোধনসৈন্যের কতক অংশে গুরুতর হাহাকার উঠিল এবং অপর অংশ নীরব রহিল ॥২০॥

দুর্য্যোধনের সৈন্যেরা দূর হইতে যুধিষ্ঠিরকে আসিতে দেখিয়া পরস্পর এইরূপ আলোচনা করিতে লাগিল—'এটা কুরুকুলের অধম ॥২১॥

কারণ, ঐ রাজা যুধিষ্ঠিরটা নিশ্চয়ই ভীত হইয়া শরণাগত হইবার জন্য ভ্রাতাদের সহিত আমাদের নিকটবর্ত্তী ভীষ্মের নিকটে আসিতেছে ॥২২॥

ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব রক্ষক থাকিতে এ যুধিষ্ঠিরটা ভীত হইয়া আসিতেছে কেন? ॥২৩॥

নিশ্চয়ই এটা জগৎপ্রসিদ্ধ ক্ষত্রিয়বংশে জন্ম গ্রহণ করে নাই। যে হেতু এই দুর্ব্বল লোকটার মন যুদ্ধে ভীত হইয়াছে' ॥২৪॥

(২১) দৃষ্ট্বা যুধিষ্ঠিরং ক্রূরাঃ—পি। (২২) ব্যক্তং ভীত ইবাভ্যেতি—বা ব রা নি। (২৩)…পাণ্ডবে চ বৃকোদরে…ভীতিরভ্যেতি পাণ্ডবম্—নি রা। (২৪)…জাতঃ সংপ্রথিতে ভুবি—নি রা।

ব্যনিন্দন্ত ততঃ সর্ব্বে যোধাস্তত্র বিশাংপতে !।
যুধিষ্ঠিরং সসোদর্য্যঃ সহিতং কেশবেন তু ॥২৬॥
ততস্তু কৌরবং সৈন্যং ধিক্‌কৃত্বা তু যুধিষ্ঠিরম্।
নিঃশব্দমভবত্তূর্ণং পুনরেব বিশাংপতে ! ॥২৭॥
কিং নু বক্ষ্যতি রাজাসৌ কিং ভীষ্মঃ প্রতিবক্ষ্যতি।
কিং ভীমঃ সমরশ্লাঘী কিং নু কৃষ্ণার্জ্জুনাবিতি ॥২৮॥
বিবক্ষিতং কিমস্যেতি সংশয়ঃ সুমহানভূৎ।
উভয়োঃ সেনযো রাজন্ ! যুধিষ্ঠিরকৃতে তদা ॥২৯॥
সোঽবগাহ্য চমূং শত্রোঃ শরশক্তিসমাকুলাম্।
ভীষ্মমেবাভ্যয়াত্তূর্ণং ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥৩০॥

ভাবতকৌমুদী

ব্যনিন্দন্তেতি। ব্যনিন্দন্ত যুদ্ধনিবৃত্তিপ্রার্থনার্থমেবাগমনসম্ভাবনাৎ ॥২৬॥
তত ইতি। কৌরবং সৈন্যঃ কর্ত্তৃ, ধিক্‌কৃত্বা তিরস্কৃত্য ॥২৭॥
কিমিতি। অসৌ যুধিষ্ঠিরঃ, প্রতিবক্ষ্যতি প্রত্যুত্তরং দাস্যতি ॥২৮॥
বিবক্ষিতমিতি। বিবক্ষিতং বক্তুমিষ্টম্। যুধিষ্ঠিরকৃতে যুধিষ্ঠিরনিমিত্তে ॥২৯॥
স ইতি। স যুধিষ্ঠিরঃ, অবগাহ্য প্রবিশ্য। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

প্রাচীনশাস্ত্রে ॥১৮—২০॥ মিথোঽন্যোন্যম্, এষো হীতি সুলোপাভাব আর্ষঃ ॥২১॥ ব্যক্তং নিয়তং ভীষ্মং ভীষ্মস্য অন্তিকং সমীপম্ ॥২২—২৬॥ ধিক্‌কৃত্বা ধিক্‌কৃত্য অসমাস আর্ষঃ;

তাহার পর সেই সৈন্যেরা সকলে আনন্দিত ও নির্ব্বেবচিত্ত হইয়া কৌরবগণের প্রশংসা এবং পৃথক্ পৃথক্ ভাবে বস্ত্র কম্পন কবিতে লাগিল ॥২৫॥

নরনাথ। তাহার পর যোদ্ধাবা সকলে ভ্রাতৃগণ ও কৃষ্ণের সহিত যুধিষ্ঠিরের বিশেষরূপ নিন্দা করিতে লাগিল ॥২৬॥

নরনাথ। তৎপরে কৌরবসৈন্যেবা যুধিষ্ঠিবকে ধিক্কার দিযা পুনরায সত্বরই নীরব হইল ॥২৭॥

ঐ যুধিষ্ঠির, যুদ্ধশ্লাঘাকাবী ভীম এবং কৃষ্ণ ও অর্জ্জুন ভীষ্মকে কি বলিবেন, আর ভীষ্মই বা উঁহাদেব বাক্যেব কি উত্তর দিবেন ॥২৮॥

রাজা। বিশেষতঃ যুধিষ্ঠির কি বলিতে ইচ্ছা করিয়াছেন, এইরূপে যুধিষ্ঠিরের জন্যই তখন উভয় সৈন্যেরই গুরুতর সংশয় উপস্থিত হইল ॥২৯॥

---

(২৬) ব্যনিন্দত ততঃ·· বা, ব্যনিন্দংশ্চ তথা সর্ব্বে ··কেশবেন হি—নি রা। (২৭) ততস্তৎ কৌরবং সৈন্যম্—বা নি রা।

তমুবাচ ততঃ পাদৌ করাভ্যাং পীড্য পাণ্ডবঃ।
ভীষ্মং শান্তনবং রাজা যুদ্ধায় সমবস্থিতম্ ॥৩১॥

যুধিষ্ঠির উবাচ।

আমন্ত্রয়ে ত্বাং দুর্দ্ধর্ষ! ত্বয়া যোৎস্যামহে সহ।
অনুজানীহি মাং তাত! আশিষশ্চৈব যোজয় ॥৩২॥

ভীষ্ম উবাচ।

যদ্যেবং নাভিগচ্ছেথা যুধি মাং পৃথিবীপতে!।
শপেয়ং ত্বাং মহারাজ! পরাভাবায় ভারত! ॥৩৩॥
প্রীতোঽস্মি রাজন্! যুধ্যস্ব জয়মাপ্নুহি পাণ্ডব!।
যত্তেঽভিলষিতং চান্যত্তদবাপ্নুহি সংযুগে ॥৩৪॥

ভারতকৌমুদী

তমিতি। পাদৌ ভীষ্মস্য চরণৌ,পীড্য দৃঢ়ং গৃহীত্বা, পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৩১॥
আমন্ত্রয় ইতি। আমন্ত্রয়ে আমন্ত্রণপূর্ব্বকং যুদ্ধানুমতিং প্রার্থয়ামি ॥৩২॥
যদীতি। পরাভাবায় পরাভবায়, শপেয়ং শিষ্টাচারবর্জ্জনাদভিসম্পাতং কুর্য্যাম্ ॥৩৩॥
প্রীত ইতি। সংযুগে যুদ্ধবিষয়ে, যদন্যৎ তে ত্বয়াভিলষিতম্, তদবাপ্নুহি ॥৩৪॥

ভারতভাবদীপঃ

ধিগিত্যকরোদিতি বা ॥২৭—২৮॥ বিবক্ষিতং বক্তুমিষ্টম্ ॥২৯—৩২॥ পরাভাবায় পরাকৃতো নিবস্তো ভাবঃ সত্তা যত্র সঃ তস্মৈ মরণায়েত্যর্থঃ। পবশ্চাসাবভাবশ্চেতি বিগ্রহেঽপি

তৎপরে যুধিষ্ঠির ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া বাণ ও শক্তিতে পরিপূর্ণ শত্রুসৈন্য-মধ্যে প্রবেশ করিয়া ভীষ্মের অভিমুখেই সত্বর গমন করিলেন ॥৩০॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির হস্তযুগলদ্বারা, যুদ্ধের জন্য অবস্থিত শান্তনুনন্দন ভীষ্মের চরণযুগল ধারণ করিয়া তাঁহাকে বলিলেন ॥৩১॥

যুধিষ্ঠির বলিলেন—"দুর্দ্ধর্ষ পিতামহ! আমি আপনাকে আহ্বান করিতেছি, আমরা আপনার সহিত যুদ্ধ করিব, আপনি আমাকে অনুমতি দিন এবং আশীর্ব্বাদ করুন" ॥৩২॥

ভীষ্ম বলিলেন—"ভরতনন্দন পৃথিবীপতি মহারাজ! তুমি যদি যুদ্ধে এইভাবে আমার নিকট না আসিতে, তবে আমি পরাভবের জন্য তোমাকে অভিসম্পাত করিতাম ॥৩৩॥

---

(৩১)…যুদ্ধায় সমুপস্থিতম্—বা ব রা নি। (৩২)…আশিষশ্চ প্রযোজয—রা নি। (৩৪) প্রীতোঽস্মি পুত্র! যুধ্যস্ব…বা, প্রীতোঽহং পুত্র! যুধ্যস্ব—রা নি।

ব্রিয়তাঞ্চ বরঃ পার্থ ! কিমস্মত্তোঽভিকাঙ্ক্ষসি ।
এবং গতে মহারাজ ! ন তবাস্তি পরাজয়ঃ ॥৩৫॥
অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ ।
ইতি সত্যং মহারাজ ! বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৩৬॥
অতস্ত্বাং ক্লীববদ্বাক্যং ব্রবীমি কুরুনন্দন ! ।
ভৃতোঽস্ম্যর্থেন কৌরব্য ! যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥৩৭॥

যুধিষ্ঠির উবাচ ।

মন্ত্রয়স্ব মহাপ্রাজ্ঞ ! হিতৈষী মম নিত্যশঃ ।
যুধ্যস্ব কৌরবার্থে বৈ মমৈষ সততং বরঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

ব্রিয়তামিতি । অস্মত্তঃ অস্মাকং সকাশাৎ । এবমিত্থং বরলাভে, গতে ভূতে ॥৩৫॥

অথ ভবান্ মৎপক্ষমাগত্যৈব যুধ্যতামিত্যাহ—অর্থস্যেতি । অর্থস্য ধনস্য, দাসো দাসবদধীনঃ । বদ্ধো বশীকৃতঃ, অর্থেন অন্নবসনাদ্যর্থং ধনদানেন পোষণাৎ ॥৩৬॥

অত ইতি । ক্লীববৎ নিস্তেজস্ক ইব । ভৃতঃ পরিপুষ্টঃ ॥৩৭॥

মন্ত্রয়স্বেতি । মম হিতৈষী সন্ মন্ত্রয়স্ব কৌরবেষু মন্ত্রণাং দেহি ॥৩৮॥

ভারতভাবদীপঃ

স এবার্থঃ ॥৩৩—৩৪॥ এবং গতে ঈদৃগাচরণবতি ত্বয়ি ॥৩৫—৩৬॥ ক্লীববৎ স্বোক্তস্য বরস্য যুদ্ধাদন্যদিতি স্বেনৈব সঙ্কোচনাৎ কাতরবৎ, ভৃতঃ পোষিতঃ । যুদ্ধাৎ প্রাতিভট্যাৎ

কিন্তু পাণ্ডুনন্দন ! রাজা ! আমি এখন তোমার প্রতি সন্তুষ্ট হইযাছি, তুমি যুদ্ধ কর ও জয়লাভ কর, আর যুদ্ধবিষয়ে তোমার অন্য যাহা অভীষ্ট আছে, তাহাও লাভ কর ॥৩৪॥

পৃথানন্দন মহারাজ ! তুমি আমার নিকট হইতে কি লইতে ইচ্ছা কর, সেই বর গ্রহণ কর । এইরূপ হইলে আর তোমার পরাজয় হইবে না ॥৩৫॥

মহারাজ ! মানুষ অর্থের দাস ; কিন্তু অর্থ কাহারও দাস নহে, ইহা সত্য ; সুতরাং কৌরবেরা অর্থদ্বারা আমাকে বশীভূত করিয়া রাখিযাছে ॥৩৬॥

অতএব কুরুনন্দন ! আমি নপুংসকের ন্যায় তোমাকে এই কথা বলিতেছি যে, এ যাবৎ কৌরবেরা আমাকে অর্থদ্বারা পোষণ করিয়াছে ; সুতরাং কুরুনন্দন ! তুমি আমার নিকট যুদ্ধভিন্ন অন্য কি লইতে ইচ্ছা কর, (তাহা বল)" ॥৩৭॥

---

(৩৭) যতস্ত্বাম্…কুরুনন্দন !…পি, যতস্ত্বাম্—বা । (৩৮) মন্ত্রয়স্ব মহাবাহো !—রা নি ।

ভীষ্ম উবাচ।

রাজন্! কিমত্র সাহ্যং তে করোমি কুরুনন্দন!।
কামং যোৎস্যে পরস্যার্থে ব্রূহি যত্তে বিবক্ষিতম্ ॥৩৯॥

যুধিষ্ঠির উবাচ।

কথং জয়েয়ং সংগ্রামে ভবন্তমপরাজিতম্।
এতন্মে মন্ত্রয় হিতং যদি শ্রেয়ঃ প্রপশ্যসি ॥৪০॥

ভীষ্ম উবাচ।

ন তং পশ্যামি কৌন্তেয়! যো মাং যুধ্যন্তমাহবে।
বিজয়েত পুমান্ কশ্চিদপি সাক্ষাচ্ছতক্রতুঃ ॥৪১॥

যুধিষ্ঠির উবাচ।

তস্মাৎ পৃচ্ছাম্যহন্ত তাং পিতামহ! নমোঽস্তু তে।
জয়োপায়ং ব্রবীহি ত্বমাত্মনঃ সমরে পরৈঃ ॥৪২॥

ভারতকৌমুদী

রাজন্নিতি। সাহ্যং সাহায্যম্। অত্রার্থে সাহ্যশব্দো রূঢ় ইত্যসকৃদুক্তম্ ॥৩৯॥
কথমিতি। শ্রেয়ো মম মঙ্গলসম্পাদনম্, প্রপশ্যসি কর্ত্তব্যতয়া মন্যসে ॥৪০॥
নেতি। যুধ্যন্তং যুধ্যমানম্, আহবে সমরাঙ্গনে শতক্রতুরিন্দ্রঃ ॥৪১॥

যুধিষ্ঠির বলিলেন—"মহাপ্রাজ্ঞ! আপনি সর্ব্বদা আমার হিতৈষী হইয়া মন্ত্রণা দিন, আর কৌরবদের জন্য যুদ্ধ করুন; ইহাই আমার সর্ব্বদা প্রার্থনীয় বর" ॥৩৮॥

ভীষ্ম বলিলেন—"কুরুনন্দন রাজা! আমি ইচ্ছানুসারে বিপক্ষের জন্য যুদ্ধ করিব; সুতরাং আমি এখন তোমার কি সাহায্য করিতে পারি, সে বিষয়ে তোমার যাহা বলিবার ইচ্ছা থাকে, তাহা বল" ॥৩৯॥

যুধিষ্ঠির বলিলেন—"পিতামহ! আপনি কোথাও পরাজিত হন নাই; অতএব আপনি যদি আমার মঙ্গল সম্পাদন করা উচিত বলিয়া মনে করেন, তবে আপনি আমার এই হিতের কথাটা বলুন যে, আমি কি প্রকারে আপনাকে জয় করিব" ॥৪০॥

ভীষ্ম বলিলেন—"কুন্তীনন্দন! আমি সমরাঙ্গনে যুদ্ধ করিতে লাগিলে, কোন পুরুষ আমাকে জয় করিতে পারে, এমন পুরুষ আমি দেখি না; সাক্ষাৎ ইন্দ্রও আমাকে জয় করিতে পারেন না" ॥৪১॥

---

(৪১) নৈনং পশ্যামি...নি রা। (৪২) হন্ত পৃচ্ছামি তস্মাত্বাম্...বধোপায়ং ব্রবীহি ত্বম্ —নি রা।

ভীষ্ম উবাচ।

ন স্ম তং তাত। পশ্যামি সমরে যো জয়েত মাম্।
ন তাবন্মৃত্যুকালো মে পুনরাগমনং কুরু ॥৪৩॥

সঞ্জয় উবাচ।

ততো যুধিষ্ঠিরো বাক্যং ভীষ্মস্য কুরুনন্দন।।
শিরসা প্রতিজগ্রাহ ভূয়স্তমভিবাদ্য চ ॥৪৪॥
প্রায়াৎ পুনর্মহাবাহুবাচার্য্যস্য রথং প্রতি।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং মধ্যেন ভ্রাতৃভিঃ সহ ॥৪৫॥
স দ্রোণমভিবাদ্যাথ কৃত্বা চৈব প্রদক্ষিণম্।
উবাচ রাজা দুর্দ্ধর্ষমাত্মনিঃশ্রেয়সং বচঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। ত্বং পরৈঃ সহ সমরে আত্মনো জয়োপায়ং ব্রবীহি ব্রূহি ॥৪২॥
নেতি। স্মেতি পাদপূরণে। অয়ং ন মৃত্যুকাল ইত্যর্থঃ ॥৪৩॥
তত ইতি। ভূয়ঃ পুনরপি ॥৪৪॥
প্রায়াদিতি। মহাবাহুর্যুধিষ্ঠিরঃ, আচার্য্যস্য দ্রোণস্য ॥৪৫॥
স ইতি। দুর্দ্ধর্ষং দ্রোণম্, আত্মনিঃশ্রেয়সম্ আত্মনো মঙ্গলকরম্ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

॥৩৭—৩৮॥ সাহ্যং সাহায্যম্ ॥৩৯॥ শ্রেয়ঃ প্রপশ্যসি যদি বক্তুং যোগ্যমিতি মন্যসে তর্হি বদেত্যর্থঃ ॥৪০—৪২॥ তাবৎ সম্প্রতি ॥৪৩—৪৫॥ আত্মনিঃশ্রেয়সং স্বহিতসাধনম্ ॥৪৬॥

যুধিষ্ঠির বলিলেন—"অতএব পিতামহ। আপনাকে নমস্কার করি এবং জিজ্ঞাসা করি—শত্রুর সহিত যুদ্ধে আপনি আপনার জয়ের উপায় বলুন" ॥৪২॥

ভীষ্ম বলিলেন—"বৎস। যুদ্ধে আমাকে যে জয় করিবে, এমন পুরুষ আমি দেখিতে পাই না, কিংবা এটা আমার মৃত্যুকালও নহে; অতএব আবার আসিও" ॥৪৩॥

সঞ্জয় বলিলেন—"কুরুনন্দন। তাহার পর যুধিষ্ঠির পুনরায় ভীষ্মকে অভিবাদন করিয়া তাঁহার সেই বাক্য মস্তকে ধারণ করিলেন ॥৪৪॥

তৎপরে আবার মহাবাহু যুধিষ্ঠির ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া দর্শনকারী সকল সৈন্যের মধ্য দিয়া দ্রোণাচার্য্যের রথের দিকে গমন করিলেন ॥৪৫॥

তাহার পর রাজা যুধিষ্ঠির দ্রোণকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া তাঁহাকে নিজের মঙ্গলজনক এই বাক্য বলিলেন—॥৪৬॥

---

(৪৩)…ন তাবন্মৃত্যুকালোঽপি—নি বা।

আমন্ত্রয়ে ত্বাং ভগবন্! যোৎস্যে বিগতকল্মষঃ।
কথং জয়ে রিপূন্ সর্ব্বাননুজ্ঞাতস্ত্বয়া দ্বিজ! ॥৪৭॥

দ্রোণ উবাচ।

যদি মাং নাভিগচ্ছেথা যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ।
শপেয়ং ত্বাং মহারাজ! পরাভাবায় সর্ব্বশঃ ॥৪৮॥
তদ্‌যুধিষ্ঠির! তুষ্টোঽস্মি পূজিতশ্চ ত্বয়ানঘ!।
অনুজানামি যুধ্যস্ব বিজয়ং সমবাপ্নুহি ॥৪৯॥
করবাণি চ তে কামং ব্রূহি যত্তে বিবক্ষিতম্।
এবং গতে মহারাজ! যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥৫০॥
অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ।
ইতি সত্যং মহারাজ! বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৫১॥

ভারতকৌমুদী

আমন্ত্রয় ইতি। বিগতকল্মষঃ ভবদভিবাদনার্থাগমনান্নির্দোষঃ ॥৪৭॥
যদীতি। যুদ্ধায় নিশ্চয়করণাভাবে তু অত্রানাগমনেঽপি ন দোষ ইত্যাশয়ঃ ॥৪৮॥
তদিতি। তুষ্টোঽস্মি অভিবাদনায়াগমনাদেবেতি ভাবঃ ॥৪৯॥
করবাণীতি। কামমভীষ্টং কার্য্যম্। এবং গতে ময়ি কৌরবপক্ষে স্থিতে ॥৫০॥
অর্থস্যেতি। প্রাগেব ব্যাখ্যাতোঽয়ম্ ॥৫১॥

"মাহাত্ম্যশালী ব্রাহ্মণ। আমি আপনাকে আহ্বান করিতেছি। আমি এখন নির্দ্দোষ, আপনার অনুমতি হইলে যুদ্ধ আরম্ভ করিতে পারি। কি প্রকারে সকল শত্রুকে জয় করিতে পারিব, (তাহা বলুন)" ॥৪৭॥

দ্রোণ বলিলেন—"মহারাজ! তুমি যুদ্ধের জন্য কৃতনিশ্চয় হইয়াও যদি আমার নিকট না আসিতে, তবে আমি সর্ব্বপ্রকারে পরাভবের জন্য তোমাকে অভিসম্পাত করিতাম ॥৪৮॥

কিন্তু নিষ্পাপ যুধিষ্ঠির! তুমি আসিয়া আমার সম্মান করিয়াছ, আমি তাহাতে সন্তুষ্ট হইয়াছি; সুতরাং অনুমতি করিতেছি, তুমি যুদ্ধ কর এবং জয় লাভ কর ॥ ৪৯॥

মহারাজ! তুমি যাহা বলিবার ইচ্ছা করিয়াছ, তাহা বল; আমি তোমার অভীষ্ট সম্পাদন করিব। কিন্তু রাজা! এই অবস্থাতে তোমার পক্ষে যাইয়া যুদ্ধ করা ছাড়া আর কি ইচ্ছা কর, তাহা বল ॥৫০॥

(৪৮)···পরাভাবায় সর্ব্বশঃ—বা নি। (৫০)···ব্রূহি ত্বমভিকাঙ্ক্ষিতম্—রা নি।

অতস্ত্বাং ক্লীববদ্বাক্যং ব্রবীমি কুরুনন্দন।।
যোৎস্যামি কৌরবস্যার্থে তবাশাস্যো জয়ো ময়া ॥৫২॥

যুধিষ্ঠির উবাচ।

জয়মাশাস্স্ব মে ব্রহ্মন্! মন্ত্রয়স্ব চ মদ্ধিতম্।
যুধ্যস্ব কৌরবস্যার্থে বর এষ বৃতো ময়া ॥৫৩॥

দ্রোণ উবাচ।

ধ্রুবস্তে বিজয়ো রাজন্! যস্য মন্ত্রী হরিস্তব।
অহং ত্বামভিজানামি রণে শত্রূন্ বিজেষ্যসি ॥৫৪॥
যতো ধর্ম্মস্ততঃ কৃষ্ণো যতঃ কৃষ্ণস্ততো জয়ঃ।
যুধ্যস্ব গচ্ছ কৌন্তেয়! পৃচ্ছ মাং কিং ব্রবীমি তে ॥৫৫॥

ভারতকৌমুদী

অত ইতি। আশাস্য আশীর্ব্বাদবিষয়ীকরণীয়ঃ ॥৫২॥
জয়মিতি। আশাস্স্ব আশীর্ব্বাদবিষয়ং কুরু ॥৫৩॥
ধ্রুব ইতি। অভিজানামি—হরিমন্ত্রিকতয়া বিজয়পাত্রত্বেন ॥৫৪॥
যত ইতি। যতো যস্মিন্, ততস্তস্মিন্, পক্ষ ইতি শেষঃ ॥৫৫॥

মানুষ অর্থের দাস, কিন্তু অর্থ কাহারও দাস নহে; ইহা সত্য; সুতরাং কৌরবেরা অর্থদ্বারা আমাকে বশীভূত করিয়া রাখিয়াছে ॥৫১॥

অতএব কুরুনন্দন! আমি তোমাকে নপুংসকের ন্যায় বাক্য বলিতেছি—আমি কৌরবদের জন্য যুদ্ধ করিব, অথচ তোমার জয়লাভের জন্য আশীর্ব্বাদ করিব" ॥৫২॥

যুধিষ্ঠির বলিলেন—"ব্রাহ্মণ! আপনি আমার জয়লাভের আশীর্ব্বাদ করুন, আমার হিতের মন্ত্রণা দিন এবং কৌরবদের জন্য যুদ্ধ করুন, এই বর আমি গ্রহণ করিলাম" ॥৫৩॥

দ্রোণ বলিলেন—"রাজা! স্বয়ং কৃষ্ণ যাঁহার মন্ত্রী, তাঁহার জয় অবশ্যই হইবে। আমি তোমাকে জানি, তুমি যুদ্ধে শত্রুগণকে জয় করিবে ॥৫৪॥

কুন্তীনন্দন! যে পক্ষে ধর্ম্ম থাকে, সেই পক্ষেই কৃষ্ণ থাকেন এবং যে পক্ষে কৃষ্ণ থাকেন, সেই পক্ষেই জয় হয়, অতএব তুমি যাও, যুদ্ধ কর; আর যদি কিছু জিজ্ঞাস্য থাকে, তবে জিজ্ঞাসা কর; আমিই বা তোমাকে আর কি বলিব—বলি" ॥৫৫॥

(৫৪) ধ্রুবং তে বিজয়ো রাজন্।—পি।

যুধিষ্ঠির উবাচ।

পৃচ্ছামি ত্বাং দ্বিজশ্রেষ্ঠ! শৃণু মে যদ্বিবক্ষিতম্।
কথং জয়েয়ং সংগ্রামে ভবন্তমপরাজিতম্ ॥৫৬॥

দ্রোণ উবাচ।

ন তেঽস্তি বিজয়স্তাবদ্‌যাবদ্‌যোৎস্যাম্যহং রণে।
মমাশু নিধনে রাজন্! যতস্ব সহ সোদরৈঃ ॥৫৭॥

যুধিষ্ঠির উবাচ।

হন্ত তস্মান্মহাবাহো! বধোপায়ং বদাত্মনঃ।
আচার্য্য! প্রণিপত্যৈষ পৃচ্ছামি ত্বাং নমোঽস্তু তে ॥৫৮॥

দ্রোণ উবাচ।

ন শত্রুং তাত! পশ্যামি যো মাং হন্যাদ্রথে স্থিতম্।
যুধ্যমানং সুসংরব্ধং শরবর্ষৌঘবর্ষিণম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

পৃচ্ছামীতি। মে ময়া, বিবক্ষিতং বক্তুমিষ্টম্ ॥৫৬॥
নেতি। অস্তি ভবিষ্যতীত্যর্থঃ। যোৎস্যামি যোৎস্যে ॥৫৭॥
হন্তেতি। হর্ষে হন্তশব্দঃ, হর্ষশ্চ দ্রোণস্য স্বনিধনে স্বস্যৈবোপদেশাৎ ॥৫৮॥
নেতি। সুসংবদ্ধম্ অতীবক্রুদ্ধম্ ॥৫৯॥

ভারতভাবদীপঃ

অহং বিপূন্ কথং জয়ে তত্ত্বং বিগতকল্মষঃ সন্ কথয়েতি শেষঃ ॥৪৭—৫৩॥ ধ্রুবোঽবশ্যম্ভাবী, অভিজানামি অনুজানামি, বিমোক্ষ্যসে শত্রূন্ জীবিতাদিতি শেষঃ ॥৫৪—৫৭॥ হন্ত বিষাদে

যুধিষ্ঠির বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি যাহা বলিতে ইচ্ছা করিয়াছি, তাহা শ্রবণ করুন। আমি আপনাকে জিজ্ঞাসা করি—আপনি ত কোথাও পরাজিত হন নাই; সুতরাং এই যুদ্ধে আমি আপনাকে কি প্রকারে জয় করিব?" ॥৫৬॥

দ্রোণ বলিলেন—"আমি যে পর্য্যন্ত সমরাঙ্গনে যুদ্ধ করিব, সে পর্য্যন্ত তোমার জয় হইবে না; অতএব তুমি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া সত্বর আমার নিধনের চেষ্টা কর" ॥৫৭॥

যুধিষ্ঠির বলিলেন—"অতএব মহাবাহু! আপনি আপনার বধের উপায় বলুন, আচার্য্য! আমি এই প্রণিপাত করিয়া আপনাকে জিজ্ঞাসা করিতেছি। আপনাকে নমস্কার করি" ॥৫৮॥

---

(৫৭)...যাবদ্‌যুধ্যাম্যহং রণে—নি বা।

ঋতে প্রায়গতং রাজন্। ন্যস্তশস্ত্রমচেতনম্।
হন্যান্মাং যুধি যোধানাং সত্যমেতদ্ব্রবীমি তে ॥৬০॥
শস্ত্রং চাহং রণে জহ্যাং শ্রুত্বা সুমহদপ্রিয়ম্।
শ্রদ্ধেয়বাক্যাৎ পুরুষাদেতৎ সত্যং ব্রবীমি তে ॥৬১॥

সঞ্জয় উবাচ।

এতচ্ছ্রুত্বা মহারাজ! ভারদ্বাজস্য ধীমতঃ।
অনুমান্য তমাচার্য্যং প্রায়াচ্ছারদ্বতং প্রতি ॥৬২॥
সোঽভিবাদ্য কৃপং রাজা কৃত্বা চাপি প্রদক্ষিণম্।
উবাচ দুর্দ্ধর্ষতমং বাক্যং বাক্যবিদাং বরঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

ঋত ইতি। ঋতে বিনা, প্রায়গতং মরণায়াবস্থিতম্, "প্রায়শ্চানশনে মৃতৌ তুল্য-বাহুল্যয়োরপি" ইতি বিশ্বঃ। নেত্যনুবৃত্তিঃ। তেন চ ন হন্যাদিত্যর্থঃ ॥৬০॥

শস্ত্রমিতি। জহ্যাং ত্যজেয়ম্। শ্রদ্ধেয়ং সত্যবাদিতয়া বিশ্বাস্যং বাক্যং যস্য তস্মাৎ ॥৬১॥

এতদিতি। ভারদ্বাজস্য দ্রোণস্য। অনুমান্য পুনর্নমস্কারেণ সম্মান্য। শারদ্বতং কৃপম্ ॥৬২॥

স ইতি। দুর্দ্ধর্ষতমং যুদ্ধে অতীবদুর্দ্ধর্ষং কৃপম্ ॥৬৩॥

দ্রোণ বলিলেন—"বৎস! আমি রথে থাকিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বাণসমূহ বর্ষণপূর্ব্বক যুদ্ধ করিতে লাগিলে, আমাকে যুদ্ধে যে বধ করিতে পারে, এমন শত্রু ত দেখি না ॥৫৯॥

রাজা! অস্ত্রত্যাগ করিয়া অচেতনের ন্যায় হইয়া মরণের জন্য অবস্থান করা ব্যতীত আমাকে যোদ্ধাদের মধ্যে কেহই বধ করিতে পারে না; ইহা আমি তোমার নিকট সত্য বলিতেছি ॥৬০॥

যাঁহার বাক্যে বিশ্বাস করা যায়, সেইরূপ লোকের নিকট গুরুতর অপ্রিয় বাক্য শুনিয়া আমি যুদ্ধে অস্ত্রত্যাগ করিয়া থাকি; ইহাও তোমার নিকট সত্য বলিলাম" ॥৬১॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! যুধিষ্ঠির, জ্ঞানী দ্রোণাচার্য্যের এই কথা শুনিয়া পুনরায় তাঁহার সম্মান করিয়া কৃপাচার্য্যের নিকট গমন করিলেন ॥৬২॥

বাক্যবিদ্গণের মধ্যে শ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির কৃপাচার্য্যকে নমস্কার ও প্রদক্ষিণ করিয়া সেই মহাদুর্দ্ধর্ষ বীরকে বলিলেন—॥৬৩॥

---

(৬১)·· শ্রুত্বা তু মহদপ্রিয়ম্—নি বা। (৬৩) কৃত্বা চাভিপ্রদক্ষিণম্—পি।

অনুমানযে ত্বাং যোৎস্যামি গুরো ! বিগতকল্মষঃ ।
জয়েয়ঞ্চ রিপূন্ সর্ব্বাননুজ্ঞাতস্ত্বয়ানঘ । ॥৬৪॥

কৃপ উবাচ ।

যদি মাং নাভিগচ্ছেথা যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ ।
শপেয়ং ত্বাং মহারাজ ! পরাভাবায় সর্ব্বশঃ ॥৬৫॥
অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ ।
ইতি সত্যং মহারাজ । বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৬৬॥
তেষামর্থে মহারাজ । যোদ্ধব্যমিতি মে মতিঃ ।
অতস্ত্বাং ক্লীববদ্ব্রূয়াং যদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥৬৭॥

যুধিষ্ঠির উবাচ ।

হন্ত । পৃচ্ছামি তে তস্মাদাচার্য্য । শৃণু মে বচঃ ।
ইত্যুক্ত্বা ব্যথিতো রাজা নোবাচ গতচেতনঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

অম্বিতি । অনুমানযে দ্রোণসম্মানাৎ পরং সম্মানয়ে ॥৬৪॥
যদীতি । প্রাগ্ ব্যাখ্যাতমিদম্ । বক্তৃভেদাত্তুক্তের্ন পৌনরুক্ত্যম্ ॥৬৫॥
অর্থস্যেতি । ইদমপি পূর্ব্বং ব্যাখ্যাতম্ ॥৬৬॥
তেষামিতি । তেষাং কৌরবাণাম্ ॥৬৭॥
হন্তেতি । অত্র বিষাদে হন্তশব্দঃ । বিষাদশ্চ কৃপস্য যোদ্ধব্যত্বশ্রবণাৎ ॥৬৮॥

"নিষ্পাপ ! গুরুদেব ! আমি আপনাকে সম্মানিত করিলাম ; এখন নির্দ্দোষ হইয়া আপনার অনুমতিক্রমে যুদ্ধ করিব এবং সকল শত্রুকে জয় করিব" ॥৬৪॥

কৃপ বলিলেন—"মহারাজ ! তুমি যুদ্ধের জন্য কৃতনিশ্চয় হইয়াও যদি আমার নিকট না আসিতে, তবে সর্ব্বপ্রকার পরাভবের জন্যই আমি তোমাকে অভিসম্পাত করিতাম ॥৬৫॥

মানুষ অর্থের দাস ; কিন্তু অর্থ কাহারও দাস নহে ; ইহা সত্য ; অতএব মহারাজ ! কৌরবেরা অর্থদ্বারা আমাকে আবদ্ধ করিয়া রাখিয়াছে ॥৬৬॥

অতএব মহারাজ ! আমি কৌরবদের জন্যই যুদ্ধ করিব, ইহাই আমার নিশ্চয় ; সুতরাং আমি নপুংসকের ন্যায় তোমাকে বলিতেছি—তুমি যুদ্ধ ভিন্ন অন্য কি চাও" ॥৬৭॥

(৬৪) অনুমানযে ত্বাং যোৎস্যেঽহম—নি বা। (৬৫) যদি মাং নাধিগচ্ছেথাঃ—পি।

সঞ্জয় উবাচ।

তং গৌতমঃ প্রত্যুবাচ বিজ্ঞায়াস্য বিবক্ষিতম্।
অবধ্যোঽহং মহীপাল। যুধ্যস্ব জযমাপ্নুহি ॥৬৯॥
প্রীতস্তেঽভিগমেনাহং জযং তব নবাধিপ।।
আশাসিষ্যে সদোত্থায় সত্যমেতদ্ব্রবীমি তে ॥৭০॥
এতচ্ছ্রুত্বা মহাবাজ। গৌতমস্য বিশাংপতে।।
অনুমান্য কৃপং বাজা প্রযযৌ যেন মদ্রবাট্ ॥৭১॥
স শল্যমভিবাদ্যাথ কৃত্বা চাভিপ্রদক্ষিণম্।
উবাচ বাজা দুর্দ্ধর্ষমাত্মনিঃশ্রেযসং বচঃ ॥৭২॥
অনুমানযে ত্বাং দুর্দ্ধর্ষ। যোৎস্যে বিগতকল্মষঃ।
জয়েযঞ্চ মহাবাজ। অনুজ্ঞাতস্ত্বযা বিপূন্ ॥৭৩॥

ভাবতকৌমুদী

তমিতি। গৌতমঃ কৃপঃ। বিবক্ষিতং বক্তুমিষ্টমাত্মনো বধোপাযম্ ॥৬৯॥
প্রীত ইতি। আশাসিষ্যে কামযিষ্যে, সদা প্রত্যহম্ উত্থায প্রভাতে শয্যাতঃ ॥৭০॥
এতদিতি। অনুমান্য দ্রোণাৎ পরং নমস্কাবেণ সম্মান্য। যেন যস্যাং দিশি ॥৭১॥
স ইতি। দুর্দ্ধর্ষঃ শল্যম্, আত্মনিঃশ্রেযসং নিজমঙ্গলজনকম্ ॥৭২॥
অন্বিতি। অনুমানযে নমস্কাবেণ সম্মানযে। বিগতকল্মষঃ শিষ্টাচাবকবণাৎ ॥৭৩॥

যুধিষ্ঠির বলিলেন—"অতএব আচার্য্য! আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি, আপনি আমার কথা শুনুন"—এইটুকুমাত্র বলিয়া রাজা যুধিষ্ঠির ব্যথিত ও অচেতনপ্রায় হইয়া কিছুই বলিতে পারিলেন না ॥৬৮॥

সঞ্জয় কহিলেন—"কৃপাচার্য্য যুধিষ্ঠিরের বলিবার বিষয় বুঝিয়া তাঁহাকে বলিলেন—"রাজা! আমি অবধ্য, তথাপি তুমি যুদ্ধ কর ও জয়লাভ কর ॥৬৯॥

নরনাথ! তুমি আমার নিকট আসিয়াছ বলিয়া আমি তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি; সুতরাং প্রত্যহ গাত্রোত্থান করিয়া আমি তোমার জয় কামনা করিব, ইহা তোমার নিকট সত্য বলিলাম" ॥৭০॥

নরনাথ মহারাজ! রাজা যুধিষ্ঠির কৃপাচার্য্যের এই কথা শুনিয়া নমস্কারদ্বারা পুনরায় তাঁহার সম্মান করিয়া—যেখানে শল্য ছিলেন, সেইখানে গমন করিলেন ॥৭১॥

তাহার পর রাজা যুধিষ্ঠির দুর্দ্ধর্ষ শল্যকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া নিজের মঙ্গলজনক বাক্য বলিলেন—॥৭২॥

---

(৭৩)···জয়েযং তু পবান্ বাজন্নুজ্ঞাতস্ত্বযা বিপূন্—বা নি, জযেযঞ্চ পবান্ বাজন্!—বা।

শল্য উবাচ।

যদি মাং নাভিগচ্ছেথা যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ।
শপেয়ং ত্বাং মহারাজ! পরাভাবায় বৈ রণে ॥৭৪॥
তুষ্টোঽস্মি পূজিতশ্চাস্মি যৎ কাঙ্ক্ষসি তদস্তু তে।
অনুজানামি চৈব ত্বাং যুধ্যস্ব জয়মাপ্নুহি ॥৭৫॥
ব্রূহি চৈব পরং বীর! কেনার্থঃ কিং দদামি তে।
এবং গতে মহারাজ! যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥৭৬॥
অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ।
ইতি সত্যং মহারাজ! বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৭৭॥

ভারতকৌমুদী

যদীতি। প্রাগেব ব্যাখ্যাতমিদম্ ॥৭৪॥
তুষ্ট ইতি। অনুজানামি যুদ্ধকরণায়েতি শেষঃ ॥৭৫॥
ব্রূহীতি। কেন বস্তুনা, অর্থস্তব প্রয়োজনং সিধ্যেদিতি শেষঃ। গতে স্থিতে ॥৭৬॥
অর্থস্যেতি। অর্থোঽত্র প্রতিজ্ঞারূপং বস্তু, তচ্চ উদ্যোগপর্ব্বণ্যুক্তম্ ॥৭৭॥

ভারতভাবদীপঃ

॥৫৮—৫৯॥ প্রায়গতং মরণায় নিয়তম্, অচেতনং যোগবলেন ত্যক্তদেহং যোধানাং মধ্যে কশ্চিদিতি শেষঃ ॥৬০॥ জহ্যাং ত্যজেয়ম্, ধ্রুদ্ধেয়বাক্যাৎ আদেয়বচনাৎ ॥৬১—৭২॥ পরান্

"দুর্দ্ধর্ষ! আমি আপনাকে সম্মানিত করিতেছি, পরে নির্দ্দোষ হইয়া যুদ্ধ করিব। মহারাজ! আপনার অনুমতিক্রমে আমি শত্রুগণকে জয় করিব" ॥৭৩॥

শল্য বলিলেন—"মহারাজ! তুমি যুদ্ধে কৃতনিশ্চয় হইয়াও যদি আমার নিকট না আসিতে, তবে আমি যুদ্ধে পরাভবের জন্য তোমাকে অভিসম্পাত করিতাম ॥৭৪॥

এখন তুমি সম্মান করায় আমি সন্তুষ্ট হইয়াছি; সুতরাং তুমি যাহা চাও, তাহাই তোমার হউক। আমি তোমাকে অনুমতি দিতেছি, তুমি যুদ্ধ কর এবং জয়লাভ কর ॥৭৫॥

বীর! আর তুমি বল, কোন্ বস্তুদ্বারা তোমার প্রয়োজন সিদ্ধ হইবে, আমি তোমাকে কি দিব? মহারাজ! এরূপ হইলেও যুদ্ধভিন্ন কি চাও, (তাহা বল) ॥৭৬॥

মানুষ অর্থের দাস; কিন্তু অর্থ কাহারও দাস নহে; ইহা সত্য। মহারাজ! তাহাতে ভীষ্ম, দ্রোণ ও কৃপ যেমন অর্থদ্বারা কৌরবদের নিকট বদ্ধ রহিয়াছেন, আমিও তেমন নিজের প্রতিজ্ঞাদ্বারা কৌরবদের নিকট বদ্ধ রহিয়াছি ॥৭৭॥

করিষ্যামি হি তে কামং ভাগিনেয়। যথেপ্সিতম্।
ব্রবীম্যতঃ ক্লীববত্ত্বাং যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥৭৮॥

যুধিষ্ঠির উবাচ।

মন্ত্রয়স্ব মহারাজ। নিত্যং মদ্ধিতমুত্তমম্।
কামং যুধ্য পরস্যার্থে বরমেতং বৃণোম্যহম্ ॥৭৯॥

শল্য উবাচ।

কিমত্র ব্রূহি সাহ্যং তে করোমি নৃপসত্তম।।
কামং যোৎস্যে পরস্যার্থে বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৮০॥

যুধিষ্ঠির উবাচ।

স এব মে বরঃ শল্য। উদ্‌যোগে যস্ত্বয়া কৃতঃ।
সূতপুত্রস্য সংগ্রামে কার্য্যস্তেজোবধস্ত্বয়া ॥৮১॥

ভারতকৌমুদী

করিষ্যামীতি। ভগিন্যা মাদ্র্যাঃ সপত্নীপুত্রত্বাদ্ভাগিনেযেতি সম্বোধনম্ ॥৭৮॥
মন্ত্রয়স্বেতি। মম হিতং হিতজনকবিষয়ম্। কামং যথেচ্ছম্, যুধ্য যুধ্যস্ব ॥৭৯॥
কিমিতি। সাহ্যং সাহায্যম্। অর্থেন প্রতিজ্ঞাপাশেন ॥৮০॥
স ইতি। উদ্‌যোগে যুদ্ধোদ্‌যোগকালে উদ্‌যোগপর্ব্বণি চ। কার্য্যঃ কর্ত্তব্যঃ ॥৮১॥

অতএব ভাগিনেয়! আমি নপুংসকের ন্যায় তোমাকে বলিতেছি, তুমি যুদ্ধ ভিন্ন অন্য ।ক ইচ্ছা কর, (বল); আমি ইচ্ছানুসারে তোমার অভীষ্ট সম্পাদন করিব" ॥৭৮॥

যুধিষ্ঠির বলিলেন—"মহারাজ! আপনি আমার বিশেষ হিতের মন্ত্রণা দিবেন, অথচ ইচ্ছানুসারে বিপক্ষের জন্য যুদ্ধ করিবেন, এই বর আমি গ্রহণ করিলাম" ॥৭৯॥

শল্য বলিলেন—"রাজশ্রেষ্ঠ! আমি কৌরবদের নিকটে প্রতিজ্ঞাপাশে বদ্ধ রহিয়াছি; অতএব তাহাদের জন্য যুদ্ধ করিব; সুতরাং এখন তোমার কি সাহায্য করিতে পারি, বল" ॥৮০॥

যুধিষ্ঠির বলিলেন—"মদ্ররাজ! যুদ্ধের উদ্‌যোগের সময়ে আপনি যে বর দিবার অঙ্গীকার করিয়াছিলেন, আমার সেই বর—(অর্থাৎ) যুদ্ধের সময়ে আপনি কর্ণের তেজোহানি করিবেন" ॥৮১॥

(৭৯) নিত্যং যদ্ধিতম্—পি। (৮০) ভৃতোঽস্ম্যর্থেন—পি।

শল্য উবাচ।

সম্পৎস্যতে স তে কামঃ কুন্তীপুত্র! যুধিষ্ঠির!।
যথেচ্ছং গচ্ছ যুধ্যস্ব প্রতিজানে জয়ং তব ॥৮২॥

সঞ্জয় উবাচ।

অনুমান্যাথ কৌন্তেয়ো মাতুলং মদ্রকেশ্বরম্।
নির্জগাম মহাসৈন্যাদ্ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥৮৩॥
বাসুদেবস্তু রাধেয়মাহবেঽভিজগাম হ।
তত এনমুবাচেদং পাণ্ডবার্থে গদাগ্রজঃ ॥৮৪॥
শ্রুতং মে কর্ণ! ভীষ্মস্য দ্বেষাৎ কিল ন যোৎস্যসে।
অস্মান্ বরয় রাধেয়! যাবদ্ভীষ্মো ন হন্যতে ॥৮৫॥
হতে তু ভীষ্মে রাধেয়! পুনরেষ্যসি সংযুগম্।
ধার্ত্তরাষ্ট্রস্য সাহায্যং যদি পশ্যসি চেৎ সমম্ ॥৮৬॥

ভারতকৌমুদী

সমিতি। সম্পৎস্যতে পূর্ণো ভবিষ্যতি। প্রতিজানে প্রতিজ্ঞয়ৈব ব্রবীমি ॥৮২॥

অন্বিতি। অনুমান্য সমান্য। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৮৩॥

বাস্বিতি। রাধেয়ং কর্ণম্, আহবে সমরাঙ্গনে। গদস্য তদাখ্যস্য অগ্রজো ভ্রাতা ॥৮৪॥

শ্রুতমিতি। শ্রুতং গুপ্তচরমুখাৎ। অস্মান্ পাণ্ডবপক্ষম্, বরয় গৃহাণ ॥৮৫॥

